শারদীয়া লিপিকা

SHARODIYA LIPIKA

আশ্বিন ১৪২৫ • OCTOBER 2018
দ্বাদশ বর্ষ ১ম সংখ্যা • VOLUME 12 ISSUE 1

EDITOR
Dr. Jharna Chatterjee

COORDINATOR
Aditya Chakravarti

WEBMASTER
Subhankar Pandit

COVER DESIGN
Reeto Ghosh
Oishee Ghosh

Beautiful British Columbia (1)

Tanima Majumdar

Editorial ******* সম্পাদকীয়

Dear Lipika readers,

"Fall is here", the white clouds sailing on a clear, blue sky announce joyfully. Temperature is dipping down, sunshine pours clear, golden honey, and soon, the colours of the leaves will be enchanting. We are proud to present once more our Lipika, filled with a variety of attractive offerings for your enjoyment. English and Bengali poems, scholarly articles, short stories, light compositions, travelogues, paintings and photos, from both adults and children, provide you with a real smorgasbord. We are especially proud to have our younger participants' contributions. Oishee and Reeto have designed a most appropriate cover for Lipika this year, like the last few years. I hope we will continue to publish Lipika for many years to come, and to enrich our cultural experience in Ottawa.

True to our tradition, we are ready to worship Ma Durga with other Deshantari members, and celebrate the glory of this unique emblem of United Spiritual Strength. At the same time, we keep in our mind that Ma Durga, to Bengali people, represents a married daughter who leaves her mountain abode behind every year, and visits her parents, accompanied by her children and all their animal carriers, only for three days. She is a beloved, close family member, not merely an all-powerful deity.

My best wishes to all of you on Durga Puja. May Ma Durga remove all darkness from our lives and guide us towards the path of auspicious, eternal light.

Jharna Chatterjee, Editor, Lipika

Note 1: Opinions published in Lipika, a community magazine, belong to the writers. The Lipika team is not responsible for those in any way.

Note 2: "We try to do our best within a short period of time, with many other limitations - any errors or inadequacies are unintentional."

প্রিয় লিপিকার পাঠক-পাঠিকাবৃন্দ,

সোনালী, মিষ্টি রোদ্দুর গায়ে মেখে শরতকাল এসেছে দুয়ারে। পাতাদের রূপ বদল, রঙ বদলের কাল আসন্ন।

আবার আমরা গল্প, প্রবন্ধ, কবিতা, রম্যরচনা, ছবি, আলোকচিত্র দিয়ে সাজিয়ে শারদীয়া লিপিকার ডালি তুলে ধরছি সবার হাতে - ছোটবড় সবার দানে সমৃদ্ধ। ছোটদের লেখা, আঁকা আমাদের কাছে বিশেষ গর্বের ও আদরের বস্তু। ঐশী আর ঋত এবারেও পরম সুন্দর প্রচ্ছদ এঁকে আমাদের মুগ্ধ করেছে। আশা করি বছরের পর বছর এই ভাবেই লিপিকা সবাইকে আনন্দ দেবে এবং অটোয়ার বাঙালিদের সংস্কৃতি-জগতকে আকর্ষনীয় করে তুলতে পারবে।

দেশান্তরীর প্রথা অনুযায়ী আবার আমরা সদস্যেরা মিলে মিশে দুর্গাপূজার আনন্দোৎসবের আয়োজনে মেতে উঠেছি। বাঙালির মনে মা দুর্গা একাধারে সর্ব দেবতার সম্মিলিত তেজোপুঞ্জ, আ বার বৎসরান্তে প্রত্যাগতা প্রবাসিনী, আদরিণী কন্যা। সন্তানদের ও সঙ্গে তাদের বাহনদের নিয়ে তিনি পিত্রালয়ে আসেন মাত্র তিনটি দিনের জন্য। প্রবাসী মনে সুর তুলেছে আগমনী গান, কল্পনায় দেখছি সুবাসিত শিউলি ফুলে আর বেলপাতায় ভরা সাজি, আকাশে-ভেসে থাকা শাদা মেঘের ডানায় চলে যাচ্ছি সুদূরে, অনেক পিছনে ফেলা আসা দিনগুলিতে।

আমার আন্তরিক শুভ কামনা জানাই সবাইকে। মা দুর্গা সব দুর্গতি দূর করুন, তাঁর দৃষ্টিপাতের মংগল-আলোয় সকলের জীবন আলোকিত হয়ে উঠুক।

ঝর্ণা চট্টোপাধ্যায়, সম্পাদিকা, লিপিকা

বিশেষ দ্রষ্টব্যঃ ১ লিপিকা সর্বজনীন পত্রিকা। এর লেখায় প্রকাশিতে মতামত সম্পূর্ণ ভাবে লেখক-লেখিকাদের। লিপিকার কর্মীবৃন্দ এ র জন্য দায়ী নন।

বিশেষ দ্রষ্টব্যঃ ২ অনুগ্রহ করে অনিচ্ছাকৃত ত্রুটি মার্জ্জনা করবেন

****** সূচীপত্র Contents ******

SHARODIYA

লিপিকা

আশ্বিন ১৪২৫ দ্বাদশ বর্ষ ১ম সংখ্যা

October 2018 Volume 12 Issue 1

1.	Beautiful British Columbia (1)	Tanima Majumdar	1
2.	Editorial/সম্পাদকীয়	Jharna Chatterjee/ঝর্ণা চট্টোপাধ্যায়	2
3.	সূচীপত্র/Contents	Lipika 2018 Team	3
4.	বাঙালীর পুজো	সুপর্ণা মজুমদার	4
5.	A Villa in Ranigunje	Subhalakshmi Basu Ray	5
6.	Female Divinity in Hinduism	Sourendra K. Banerjee	7
7.	Bhimbetka – A Prehistoric Wonder	Subhash C. Biswas	9
8.	ম্যান্ডেলার দেশে কয়েকদিন	গৌর শীল	12
9.	পুতুল খেলা	নন্দিতা ভাটনগর	18
10.	তবে কেন মিছে ভালবাসা	ঝর্ণা চট্টোপাধ্যায়	21
11.	বাস্তু-সাপ	মদনমোহন ঘোষ	24
12.	এলেম নতুন দেশে	মৈত্রেয়ী সাহা	26
13.	পিপীলিকা	বেণু নন্দী	28
14.	গতি আর বেগতি গল্পের সংকলন	আদিত্য চক্রবর্ত্তী	29
15.	নাগকেশরের ফুল আর একটি টিয়া	সুভাষ চন্দ্র বিশ্বাস	31
16.	রোদচশমা	অমর কুমার	33
17.	Beautiful British Columbia (2)	Tanima Majumdar	38
18.	দুটি ফুল - জল রঙে	Shila Biswas	39
19.	South African Animals, Kruger	Jharna Chatterjee	40
20.	Krishnokoli of Rabindranath	Arun Roy	41
21.	Triveni of our backyard in Ottawa (Canada) & Varanasi (India)	Nirmal K. Sinha	42
22.	(বি)স্মৃতি তুমি.....।।	বাসবী চক্রবর্তী	47
23.	Khajuraho	Subhash C. Biswas	48
24.	Aakash (Sky)	Moumita Dutta (Grade 9)	61
25.	Global Warming	Srobona Ghosh (Grade 12)	63
26.	সব দেশে মোর ঘর আছে	Arun Roy	65
27.	Road Trip to beautiful destinations	Sayesha & Sanjana Roy Choudhury (Grades 7 & 4)	*68*
28.	*The Garden*	*Swarnava Ghosh (Grade 9)*	*70*
29.	The Transformation: Narendra to Swami Vivekananda	Moitree Dutta (Grade 6)	72
30.	আমার পূজা/My worship	Jharna Chatterjee	74
31.	The Charity Stream	Reeto Ghosh (Grade 9)	75
32.	হেসে নাও দুদিন বই তো নয়...	(নানা উৎস থেকে সংগৃহীত)	76
33.	Iceland spleandour	Jharna Chatterjee	78
34.	The Bird	Arna Nandi (Grade 2)	79

বাঙালীর পুজো

সুপর্ণা মজুমদার

বাঙালী - তার পেশা যাই হোক না কেন, নেশা যাই হোক না কেন, তার বুকের তলায় লুকিয়ে রয়েছে তার সৌন্দর্য্যপ্রিয়তা, তার ভাবুক মন - তার কাব্যের জগৎ।

সাধারণতঃ, দুর্গা পূজার সময় হল চৈত্র মাস - বাসন্তী পূজাই আদি দুর্গা পূজা - দেবী দুর্গার আরাধনা। কিন্তু বাঙালীর সৌন্দর্য্যপ্রিয় মন বেছে নিল - শ্রীরামচন্দ্রের পদাঙ্ক অনুসরণে অকালবোধনের সময়টি - যখন প্রকৃতি সেজেছে অপরূপ সাজে - নীল আকাশে হাল্কা মেজাজে ভেসে যায় সাদা মেঘ - ঢেউ ওঠে সাদা বকের পাখায়, পাগল হাওয়া লুকোচুরি খেলে বেড়ায় সাদা কাশফুলের আঁচলে।

প্রকৃতির এই অপরূপ আনন্দ ছড়িয়ে পড়ে প্রতিটি বাঙালীর মনে। প্রকৃতির সঙ্গে সঙ্গে সেও মেতে ওঠে দেবী দুর্গার আরাধনায়। তাই কবি গেয়ে ওঠেন - "আনন্দময়ীর আগমনে আনন্দে গিয়েছে দেশ ছেয়ে"।

দেবী দুর্গা আনন্দস্বরূপিনী - তাই আনন্দই আমাদের পূজার মূলকথা। বৈদিক সভ্যতার নিরাকারের অর্চনা, দ্রাবিড় সভ্যতার সাকার ঈশ্বর, ও পুতুল পূজার যুগ পেরিয়ে, শঙ্করাচার্য্য আনলেন নিরাকার ও সাকারের সমন্বয়। তারপর আরও দুশো বছর পরে এলো রামানুজের modified non-dualism - পরিবর্তিত অদ্বৈতবাদ। তারও একশ বছর পর মাধবাচার্য্য প্রচার করলেন দ্বৈতবাদ। কিন্তু তিনি এবং পৃথিবীর অন্যান্য যে সমস্ত ধর্মগুরু ধর্ম প্রচার করেছেন তাঁরা সবাই বলেছেন ঈশ্বর superior, মানুষ inferior। নয় নিজের মধ্যে ঈশ্বরকে দেখো - "সোঅহম্", আর নয়তো তাঁর কাছে নিজেকে সমর্পণ করো ভৃত্য রূপে। ভালো কাজ করলে, ধর্ম পথে চললে পাবে পুরষ্কার (স্বর্গের আশ্বাস) অধর্মের পথে চললে পাবে তিরস্কার (নরক বাস)।

১৪০০ শতাব্দীতে সাধক বাঙালী শ্রী চৈতন্য মহাপ্রভু সবপ্রথমে ভগবানকে পেতে চাইলেন ভালবাসার জন হিসাবে - ভক্তির মাধ্যমে। শ্রীকৃষ্ণ ভগবান তাঁর এমন একজন বন্ধু, যার এক মুহূর্তের বিরহও তাঁর অসহ। ভক্ত এখানে ভক্তির মধ্য দিয়ে তাঁর ঠাকুরের সঙ্গে মিলিত হতে চাইছেন। ১৭০০ শতাব্দীতে শাক্ত সাধক রাম প্রসাদ সেন - মা কালীকে খুব কাছের মানুষ কল্পনা করেছিলেন এবং তাঁর লেখা শ্যামা -সঙ্গীত গুলি বাঙালীর পরম প্রিয়।

১৮০০ সাল নাগাদ আরেক বাঙালী সাধক ঠাকুর শ্রী রামকৃষ্ণ পরমহংস দেব ঘটালেন সর্বধর্ম সমন্বয়। বললেন "যত মত তত পথ"। কর্ম যোগ, জ্ঞান যোগ, ভক্তি যোগ - যে পথেই যাওনা কেন, ঈশ্বর উপলব্ধি হবে। ঈশ্বরের সঙ্গে তাঁর ছিল মা ছেলের সম্পর্ক। মান অভিমান, ঝগড়া, ভালোবাসা।

চৈতন্য দেবের পরে ও শ্রী রামকৃষ্ণ দেবের আগে কোন সময় বাঙালী প্রচলন করলো শারদ উৎসবের মাধ্যমে দেবী আরাধনা। ভক্তি আর ভালোবাসার পথে সে যেন এগিয়ে গেলো আর এক পা। দুর্গা আমাদের মা, আবার সেই মা আমাদের মেয়েও বটে। এখানে সেই বিশ্ব পিতা, বিশ্ব মাতা, সৃষ্টি কর্তা - inferior, superior এর concept কোথায় গেলো হারিয়ে। ভালোবাসা ও আবেগের আতিশয্যে বাঙালী কল্পনা করে বসলো মা দুর্গা যেন তার আদরের ছোট্ট মেয়ে

- সারাবছরে একবার সে মোটে চারটি দিনের জন্যে বাপের বাড়ী আসে । একটিবার ভেবে দেখুন, ঈশ্বরকে এমন রূপে আর কোন জাতি বা ধর্ম দেখেছে ?

আমরা পূজা মন্ডপের একপাশে সংস্কৃত মন্ত্রের মাধ্যমে বৈদিক আচারে পূজো করি, আরেক পাশে চলতে থাকে stage বেঁধে নানা অনুষ্ঠান - গান বাজনা নৃত্য গীত । যাঁরা বাঙালী নন তাঁরা ভেবে পাননা আমরা ধর্মানুষ্ঠান করছি না আনন্দ উৎসব করছি । ধর্মানুষ্ঠানকে ঘিরেই বাঙালী আনন্দ উৎসব করে - তার এখানেই বৈশিষ্ট্য ।

A Villa in Ranigunje

Subhalakshmi Basu Ray

I grew up straddling two worlds, within the walled seclusion of my childhood home, Desswood Villa. Built around the turn of the 20th century, for British officers of Burn and Co, and their memsahibs, it was a sprawling bungalow with cool, darkened rooms, high ceilings and exquisitely wrought, ceramic floor tiles. A deep verandah ran right around the house, keeping out the heat and dust of the plains of Bengal. An ornate fireplace with a black, Italian marble mantlepiece, dominated the drawing room, as it used to be known in those days. Never used, it nonetheless, stood as a reminder of the world beyond. Way beyond the walls of the villa. Way, way beyond the seas, that washed the shores, of the land of my birth.

My mother was a keen gardener. Cornflowers, larkspurs and petunias grew in riotous profusion in her winter garden. Along the front wall, beside the imposing front gate, were two cherry trees, planted by some homesick memsahib. Not only did they survive the harsh Indian summers and incessant monsoon rain, but for one brief, enchanted period of time in Dec/ Jan, they shed their leaves and were covered with frothy blossoms!

My family was the first Indian occupants of Desswood Villa. This was post- Independence and my indomitable, high spirited mother was determined to give the house an Indian makeover! Rajasthani miniature paintings hung on the walls of the drawing room. Ivory figurines of Hindu gods and goddesses adorned the mantlepiece. (Those were the days, when elephants were poached recklessly for their tusks.) The memsahib's dressing room, adjoining the master suite, was turned into a "Pujar Ghar". Ma planted jasmine, gardenia, oleander and frangipani in the garden, along with night jasmine (sheuli) and land lotus (sthal padma) by the gate. A leafy Rangoon Creeper (malati lata) grew by the stone steps of the verandah. Come summer, it was festooned with variegated blooms of pink and white. There were flowers in the garden all through the year. I was always able to take an offering of fresh flowers for the nuns in school, on their feast days.

All the bungalows in the compound had names: "The Nest", "Gables", "Bellevue", "The Rectory" (must have belonged to the local Anglican church before it was acquired by the company), and of course, "Desswood Villa". The grandest of them was "Lal Kothi", designated for the General Manager. With tennis courts, a large garden and stables which were converted to garages, it was set well off the main road.

Most of the bungalows had resident ghosts! A wispy, shadowy woman in white, wandered through the guava grove in the Rectory. Belle Vue, allegedly, had a ghostly Great Dane keeping watch, on moonless nights. The avenue of wood apples (Bel) that led to “Lal Kothi” from its gate, sheltered multiple other worldly beings! Bel trees are apparently much favoured in the spirit world! Desswood Villa had a resident ghost as well: a holy man in flowing robes and shod with wooden clogs. How and why he took up residence in Desswood Villa, remains a mystery! But there he was, seen by a few and heard by many, a benign presence, not really in any one’s way!

Both my parents were avid readers. Though it was Ma who did most of the parenting and all the disciplining, it was our father, gentle, reclusive, scholarly Baba, who made sure our intellectual needs were met. Our library included ten volumes of Arthur Mee’s Children Encyclopaedia, an anthology of Upendra Kishore Ray Choudhuri, monthly subscription to “Sandesh”, abridged versions of English classics and a beautifully illustrated “The Tales from Shakespeare” by Charles and Mary Lamb, which perhaps sparked my abiding interest in English Literature. Growing up in an industrial town, I hardly felt restricted, with enough books to free my mind and fire my imagination!

The passage of the seasons was dramatic in Desswood Villa. Summers meant Gul Mohar trees ablaze with coral bursts of flowers, early morning school and long afternoons exploring the shady depths of the fruit trees at the back of the house.

The monsoons were the least favoured of the seasons for me, bringing with it months of limp school uniforms and squelching keds on gym days. Nonetheless, I looked forward to the Jhhulan Yatra festival held in the month of Shravan, at the Searsole Rajbari. A far less illustrious branch of the Bardhaman Raj family, they lived in a fairly large estate on the outskirts of Ranigunje, with a fenced in English park, a pretentious main gate emblazoned with the family crest and a rajbari built on three sides of a modest formal garden. For the festival, the family idols of Radha and Krishna, resplendent in brocades and jewels, were placed in a flower bedecked swing, in a leafy bower lit by myriad oil lamps. The royal ladies mingled with the guests, dressed in gauzy kotas and gossamer fine organzas, demurely veiled, with diamonds gleaming on royal noses and earlobes! The gentlemen were portly and perfectly unremarkable in western attire!

After months of sullen skies and sodden fields, we would wake up one morning to warm sunshine, a freshness in the air, a shower of sheuli by the gate and the sthal padma heavy with buds. About two weeks before the start of the Durga Puja holidays, we would return home from school one afternoon, to find Ali the tailor, on a mat in the front verandah, whirring away on Ma’s Usha sewing machine! He would arrive on the passenger train from Asansol every morning, bespectacled and bent with age, stitching everything from school uniforms to party clothes.

We had ten days off from school for the Pujas and we usually drove to Kolkata, to spend them with extended family. On the times that we did not, we went to the Durgotsav at the Ram Krishna Mission in Asansol, dressed always in new clothes but shod in old hawai chappals. (“You don’t want to lose your new shoes, do you?!”, I was reminded.) I loved the aratis at the mission but was ill at ease with the crowds. I much preferred Lakshmi Puja, which was celebrated in the peace and sanctity of our pujar ghar.

In preparation, Ma would have the servants scrub the white tiled pantry from top to bottom and scour the brass pots and pans to a burnished sheen. She prepared the “Bhog” herself: dalda fried “loochies”, “begun bhhaja’, “chholar daal”, “mohan bhog” and “payesh”. My brother and I were charged with making Lakshmi’s footprints with rice paste, which kept us busy for better part of the day, as there were multiple doors to deal with! Ma did the alpana in the sanctum sanctorum.

Sometimes our grandparents visited us from Kolkata, accompanied by an ancient grand aunt, our “Pishi Thakuma”. Tall, fair, with shorn hair and always dressed in pristine white, she created the most exquisite alpanas. Starting with concentric circles, drawn using a piece of chalk and some string, she meticulously filled the spaces with leaves and flowers, shells and paisleys and other traditional motifs, while my brother and I watched with wide eyed wonder!

I did not turn to look back, as we drove out of the gate for the last time. I was almost fifteen and impatient to embrace the world that lay beyond the walls of my childhood home. I did not know it then, but Desswood Villa has had a hold on me, even after all these years. Even today, it appears to me in my dreams. Someday, I have promised myself, I will go back, if it is still standing. Is it……

Female Divinity in Hinduism

Sourendra K. Banerjee

The concept of female Divinity developed over centuries in inter-textual Scriptures. The epithet Mahadevi (1st a as in tall, 2nd as in father) or simply Devi as the Supreme Being is synonymous with the term 'Mother'. As pure consciousness She is primordial matrix or the great womb in which potentiality thrives at the dawn of creation. This idea of an abstract medium in which creation gestates incorporates the concepts of Prakriti, Shakti and Maya (both a as in father) which have been thriving in India over a long time. Prakriti as the material principle in cosmogony is found in Samkhya Karika as well as in ancient Jain and Buddhist texts. Prakriti may be conceived as a multidimensional field (neither existence, nor non- existence) where subtlest (really transcendent) 'guna' or units of created beings (Sentient or not) constantly move. However Prakriti is subservient to Purusha(s). Yogasutra talks about the 'chief purusha' which later becomes Isvar or Saguna Brahma(n). Purusa or Isvar is the efficient cause of creation. In some texts Isvar provides the seeds to Prakriti which becomes 'Visva garva' (Womb that gestates the Cosmos).

Prakriti as a creative principle is comparable to Shakti. Rigved (3.5) uses the word 'Bal' many times: "the great divine might of all gods is unique". Later Scriptures extend this 'might' as Kundalini (coiled) Shakti in all human beings. The femininity of this Shakti becomes explicit in Vedic goddesses and in Tantrik and Puranic literature. All Hindu Schools accept Shakti as a Cosmogonic principle. Radhakrisnan says that the Ultimate Principle Brahman (both a as in tall) carries pluralities and contraries within Itself and the Universe is the manifestation (Bibhuti) of its Shakti (power, energy, potency). Certain Puranas (like Markandeya) go so far as to suggest that Shakti is Brahman. Thus Supranormal Brahma-Shakti is simultaneously the provider of seeds of creation as well as the womb for gestating.

Some schools in Hinduism would suggest that the phenomenal universe is Maya (both a as in father) or a mere appearance. The cosmos is a stage where Mahamaya (the Devi) shows a shadow playing performance. She is the 'Aghatan Ghatan Patiyasi', the One Whose 'Lila' (play) creates 'make believe' in 'happenings' out of 'non-happenings'. They think Brahman is the exclusive reality. They interpret Maya as meaning non-being (Ma is 'not' and Ayam is 'this/this entity). Many others would interpret 'Ma' to mean to measure, therefore the universe of beings in a contingent reality, depending entirely on Brahma Shakti.

However all Theistic Schools will agree that reliance entirely on mundane reality or materialism is an intrinsic ignorance (Avidya). The Mother Mahamaya causes this but Her Grace will bestow Bodhi (insight) or ultimate realization of the Truth. Both Svetasvatar Upanisad (4.10) and Gita (7.14) state so. Devishakti is the foundation of all experiences and incorporates the essence of Prakriti and Maya. These are considered conceptually and grammatically female.

In Vedas multiple goddesses appear as cosmogonic principles. Apa (water) is the primordial unmanifest foundation. She is revered as Amrita or elixir of immortality. Ambrosia (as water in rosta/food) is the essence of food. Water and

food make a being. Water as 'ocean of consciousness' is like the Mother's womb. Here all gods gather at the dawn of creation. (R.V10.17.10: Apa asmamataaha etc, R.V.10.82.5: kang svigarvang Yatra Deva etc.). Purusa Sukta says that Divine breathing (spanda) in water initiated the creative process. We may note Apa is feminine but salil is neutral and Samudra is male. R.V. 10.63.2 describes another goddess Aditi (the unbounded) as well as earth. Aditi is the mother as well as the father of beings. Viraj is another female goddess. R.V 10.90.5 says Viraj and the Purus (the archetypal Man) create each other (Tasmadvirara jayata virajo Adhi Purusah etc.) We note that in these goddesses, gender identities are loosened. Androgynous and hermaphrodite concepts (as in Biblical Adam the first man who creates Eve) are undercurrent. Vedas also describe Viraj as a rhythmic metre (Sound vibration, Spanda). She resembles Vac Devi (Sarasvati) or 'Shabda Brahman'

In 'Mahabharatas' we find water along with other 'mahabhutas' of samkhya as the material cause of evolution (Parinam). Gita describes 'Bhagaban' as the ultimate Divine Being equated to Brahman and Prakriti as His second nature. Different Puranas elaborate on the functions of Shakti. She is attributed different names. Vaishnava literatures call Her Lakshmi. Bhagavat Puran describes Narayan (Brahman) asleep in the ocean of consciousness upon Sesa or Ananta (coiled serpent). He preserves His Brahma Shakti in the potentiality of Time (Kal; a as in father). This Shakti emerges out of His navel as Brahma (last a as in father) as a Lotus (Padma – rhythmic vibration). Eventually three worlds came to be. The Purans weave many ancient tales of gramdevis (local goddesses) within the Vedic and Tantrik frames.

Tantrik Scriptures stress more on the female roles of the Divinity. Markandeya Puran is one such important Puran. Devi Mahatmya (also called Sapta Sati and better known as Chandi) is a part of this Puran. This text raises the Devi to the highest reality – Brahman. Devi is indescribable but for human comprehension. She is called variously as Maha Maya, Mula Prakriti, Maha Shakti, etc. She is eternal but incarnates with different names for different purposes. She pervades the whole Cosmos. She dwells in every being. As Brahman the Mother is both Nirguna (an appropriate transliteration is 'inactive') as well as the active potency. She is the source and finality of all that were, that are or ever will be. As 'Shabda Brahman' She is also the principle of activation. She is the Supreme and only Reality.

It may be noted before conclusion that the title of this article is somewhat of a misnomer. Even graspable entities like light or sound cannot be given a gender identity or be quantified. The concept of Divinity is transcendent, intangible and abstract. Mundane categorization by number or gender only delimits the Divinity. Various Scriptural male or female names are for introducing the abstract concepts. The Vedic statement "Truth is one, scholars use multiplicity of names" should guide us in our study.

Om Tat Sat

Bhimbetka – A Prehistoric Wonder

Subhash C. Biswas

The sounds of time travelling

In its endless course,

Can you hear them?

Its Chariot rolls for ever and ever

Raising heartbeats deep in the galaxies;

Cries of the stars pierce

The heart of darkness,

Darkness crushed by its wheels.

From *The Last Poem* by Rabindranath Tagore (translated).

Time travels eternally; but history can hardly boast of recording only an insignificant part of it. The early history of mankind remains mostly blurred for lack of valid evidence. Prehistoric man lived and flourished in various places of the world, India being one of them. In central India there is one such place called Bhimbetka in the foothills of the Vindhya Range in the province of Madhya Pradesh. Set in a natural environment, Bhimbetka is a rare, one of the most ancient prehistoric sites; it is a microcosm still in its pristine state, which encapsulates evolution of mankind from the Prehistoric to the Historical Period. Nature here is holding very dearly an invaluable evidence of continuing evolution of human life and culture, undisturbed and naturally protected. The archaeological finds of Bhimbetka that span from the Old Stone Age (Paleolithic Period) through the Middle Stone Age (Mesolithic Period) to the Early Bronze Age (Chalcolithic Period) are so amazing and revealing that history needs to be rewritten with the new facts. Nested in a forest (now called Ratapani Wild Life Sanctuary), Bhimbetka, except for changes due to forces of nature and for archaeological excavations, has remained amazingly unaltered and continues to retain its geomorphological character and eco-system. Year after year for thousands of years this microcosm has been a repository of rock shelters that preserve continuing traditions of human creativity manifested in rock paintings and other artifacts.

Bhimbetka was first referred to as Bhimbet by W. Kincaid, a British Official, in one of his papers in 1888 as a Buddhist site on the shore of Bhojpur Lake. The hilly area here was known as Bhimbet hills where Raja Bhoj, King of Bhojpur, used to visit the Buddhist caves. Since then it remained in obscurity for many years until 1958 when V. S. Wakankar, an archaeologist from Vikram University, Ujjain, discovered the rich heritage of prehistoric rock paintings in this site. His discovery too, however sensational it might have been, remained neglected until 1971 when the first archaeological excavation was initiated by K. D. Bajpai and S. K. Pandey of H. S. Gaur University, Sagar. In the following year Wakankar and later Y. Mathpal carried out further extensive archaeological survey of the region and uncovered over 750 cave shelters and developed a basic reference system for classifying them. A huge treasure of Stone Age cultural remains from about 30000 years ago was brought to light. Extensive archaeological studies and excavations of this region by numerous archaeologists and other scholars ensued from this finding.

Cave Painting - Bhimbetka

Today Bhimbetka has become an UNESCO World Heritage site for this archaeological treasure that has monumental importance in the history of human race. People from all over the world come to see its cave dwellings and rock paintings. Bhimbetka is situated about 45 km from the capital city Bhopal and is linked with it by Bhopal – Hoshangabad National Highway No. 69. Bhopal is connected with the major cities of India like Delhi, Mumbai, Indore and Kolkata by air and other means of transportation. Best time to visit this region is from October to March. We visited Bhimbetka in the month of January, 2017. We rented a car at Bhopal and drove to Bhimbetka. On the way we stopped at Bhojpur where we took the opportunity to visit the famous Bhojeshwar Temple that is dedicated to Lord Shiva. This eleventh century incomplete temple has a magnificent, richly carved dome and houses an enormous Lingam. This Lingam is about 6 m in circumference and is carved out of a single stone. Built on a massive three-tiered sandstone platform, this is the largest monolithic Lingam in India. No one should miss this opportunity to visit Bhojeshwar Temple while travelling to Bhimbetka from Bhopal.

Arriving at Bhimbetka visitors will be astounded by the captivating beauty of its densely forested hills and its cool, pleasant surroundings. The caves and shelters are spread here over an area of ten square kilometers. This area extends over seven hills – Bhimbetka and six more. On Bhimbetka alone, archaeologists have been able to identify and number 243 shelters grouped in six clusters A to F. One nearby hill, Lakha Juar, contains 153 shelters grouped in three clusters A to C and another, Bhonrawali, has 181 shelters in seven clusters A to G.

The art works on the rock-walls were executed in various colours and styles. Archaeologists have identified at least twelve colour shades and as many styles. Among the colour shades, red and white are seen to have been used most often; green and yellow were used too though less frequently. These colours were made from locally available minerals such as soft red stone, manganese, hematite, and charcoal, plant extracts and animal fat. Bare, uneven rock surface in its natural state served as canvas for painting. Many of the painted surfaces were used several times by artists of later periods. It is a wonder how these colours survived through the harsh beatings of weather for thousands of years. The archaeological evidences suggest that there has been a continuous human settlement in these shelters from the Old Stone Age (Paleolithic Period) to the Early Bronze Age (Chalcolithic Period), which continued until as recently as the second century BCE. The scenes of the rock paintings depict many kinds of animals, hunting, dancing, war, burials, religious rites and house-hold activities. Among animals there are horses, boars, barasinghas (swamp deer), sambars, stags, goats, nilgais, deer, antelopes and many more. As many as 561 drawings of horses have been found in Bhimbetka, of which 510 are shown with their riders. Apart from these, there are human figures, mother and child, men carrying dead animals etc. Some religious symbols, deities like Ganesha and Shiva, tree gods, chariots are also seen.

The tourist has to walk a considerably long distance of about one and a half kilometer on up and down slopes in the forest where majestically stand many tall, massive hills. Cave shelters of varying shapes and sizes can be seen on these hills. It may be tiring to walk up and down the hills, but it is amazingly rewarding and entirely satisfying and definitely worth the time and effort. Interest and intense curiosity will drive the tourist from cave to cave and make him wander in the remote past with fascinating imagination. Some of

the caves have intriguing shapes resembling animals like turtle, dinosaur, lion etc. One of them appears like a gigantic cobra with its hood soaring high up in the sky.

Of all the caves one stands out as the most spectacular. It has been called Auditorium Cave by V. S. Wakankar. Thirty-nine meters long, four meters wide and seventeen meters high, this cave is identified as No. III F-24. It has four openings, two each on the east and west ends, and four branches that are aligned to the four cardinal directions. One of many remarkable features of this cave is the existence of cupules on the huge boulder on the western end. These cupules, according to some scholars, are regarded as the earliest manifestation of man's creative tendency. Numerous paintings of various shades are noticed in this cave. They include both human and animal figures. Among animals there are deer, oxen, leopards, buffalos, antelopes, elephants, tigers, peacocks, etc.

Cave Paintings - Bhimbetka

Another cave that needs mentioning is the one numbered as III C-50. It is 14 m long and 6.2 m wide and the height of its opening is 3.4 m. As it contains a large number of animal paintings, it has been justly dubbed as Zoo Rock by V. S. Wakankar. There are 453 figures in this shelter, of which as many as 252 are animals and only 90 humans. Most of the figures are drawn in profile and in different shades of white. There are horsemen holding long spears, swords and shields. They are accompanied by two drummers and a staff man. The foot soldiers are also noticeable; they have long hair and typical head dress and are armed with swords, shields and arrows.

Bhimbetka is a unique experience, invaluable and unforgettable. It is a golden opportunity to witness the cultural landscape of human evolution through the rich profusion of paintings of its rock shelters that are still prevailing in pristine nature, undisturbed and unaltered. It is also remarkable that many elements of today's cultural traditions of the tribal peoples such as Gonds, Pradhans and Korkus inhabiting the villages surrounding Bhimbetka resemble those of the rock paintings.

For further reading:

1. Wakankar, V.S. Bhimbetka – The Prehistoric Paradise, *Prachya Pratibha*, Vol. 3, pp 7 – 29, 1975.
2. Mathpal, Y. *Prehistoric Rock Paintings of Bhimbetka, Central India*, Abhinav Publications, 1984.
3. Misra, V.N. Bhimbetka, *An Encyclopaedia of Indian Archaeology*, Vol. 2, pp 69 – 73, 1989.
4. Alam, Md. Shafiqul *Paleolithic Industries of Bhimbetka, Central India: A Morphometric Study*, Bangla Academy, Dhaka, 2001.
5. Wakankar, V.S. *Painted Rock Shelters of India*, Bhopal, Archaeology, Archives & Museums, Government of Madhya Pradesh, 2005.

----- XX -----

ম্যান্ডেলার দেশে কয়েকদিন

গৌর শীল

দক্ষিন আফ্রিকায় নেলসন ম্যান্ডেলার দেশে যাবার সুযোগ এসেছিল বছর দুয়েক আগে। ঘুরেও এসেছি দিন সাতেক বিশেষ কয়েকটা জায়গায় । তার বর্ণনা নোটবই থেকে উদ্ধার করতে গিয়ে খেয়াল হোল যে গত ১৮ই জুলাই ছিল ম্যান্ডেলার শতবছরের জন্মদিন । প্রবাদপ্রতিম দেশনেতা ও মহান বিশ্ববন্ধু তিনি, তাঁকে স্মরণ করতে কলম ধরার এই বিশেষ সুযোগ কাজে লাগানো যেতে পারে ।

তাহলে পিছিয়ে যাওয়া যাক অদূর অতীতে । জানুয়ারী মাসের মাঝামাঝি, দক্ষিন আফ্রিকায় ভরা গরম । বেলা প্রায় ১টা, সূর্য্য মাথার ওপরই বলা যায় । আকাশ নির্মেঘ -- হাওয়ার দাপটও নেই তেমন -তাই রোদের তেজে বৈশাখের চোখ ঝলসানো দাপট । জ্যোৎস্না ও আমি দাঁড়িয়ে আছি একটা হাইওয়ের ধারে, দক্ষিণ আফ্রিকার রাজধানী Johannesburg থেকে প্রায় ১২০ কি: মি: পশ্চিমে । গিয়েছিলাম Sun City-র কাছে এক অভয়ারণ্য ঘুরে দেখতে আজই সকালে । সেখান থেকে ফেরার পথে চাকা ফেঁসে আমাদের গাড়ী অকেজো। এখন চাকা বদল না করলে আমাদেরও অবস্থা তাই - আমরাও অচল ।

মাত্র ২৪ ঘণ্টা আগে মুম্বাই থেকে শুরু হয়েছিলো দক্ষিন আফ্রিকার এই ঝটিকা সফর। প্রথমে ঠিক হয় দুই প্রধান শহর জো-বার্গ আর কেপ-টাউনের সঙ্গে Kruger Park পরিক্রমা করা হবে । পরে কিছু অদল বদল করে ভ্রমণসূচীতে জায়গা দেওয়া হয় কাছাকাছির মধ্যেই বিশ্বপ্রকৃতির দুই বিখ্যাত আকর্ষণ–Zimbabwe/Zambia সীমানায় ভিক্টোরিয়া জলপ্রপাত আর Botswana-র Chobe National Park-এ বন্যপ্রাণীর মহাসম্ভার - অগত্যা Kruger যাওয়া বাদ পড়ে ।

মুম্বাই থেকে Ethiopean Airways-এর পাঁচ ঘণ্টার উড়ান রাজধানী শহর Addis Ababa-তে এসে শেষ হয় । সেখানে আট ঘণ্টার লম্বা বিরতি । এই সময়ের কিছুটা খরচ করে শহরে ঘুরে আসা সম্ভব, কিন্তু আমাদের কোনো আগাম পরিকল্পনা ছিলো না তার । খোঁজ করে জানা গেল যে পাসপোর্ট জমা রেখে ও $35 fee দিলে Transit Visa পাওয়া যাবে - তারপর বাইরে গিয়ে যানবাহনের ব্যবস্থা করা ও শহর পরিক্রমা করা যায় । মাত্র কয়েক ঘণ্টায় এত সব ঝামেলার মধ্যে গিয়ে বিশেষ সুবিধে হবে বলে মনে হোলো না, তাই আমরা এয়ারপোর্টের লাউঞ্জে বিশ্রাম করে পরের Flight-এর জন্য তৈরী হলাম । Addis Ababa থেকে Johannesburg সাত ঘণ্টার উড়ান, প্রায় সারারাত লাগবে ।

জোহানেসবার্গের O. R. Tambo International Airport-এ পৌঁছান গেল স্থানীয় সময় ভোর চারটে নাগাদ । মালপত্র বলতে বেশী কিছু ছিলো না - দুটো Carry-on আর দুটো Handbag -- সব নিয়ে আমরা প্রথমে Immigration-এ গেলাম Visa নিতে । সেখান থেকে কাছেই ছিলো Hertz Car Rental-এর Counter । একটা মোটরগাড়ী আমাদের নামে আগে থেকে ঠিক করা ছিলো - কাগজপত্র সই করে পাওয়া গেল সেই Voxwagon Opel গাড়ীটা । গাড়ীর চাবি নিয়ে বেরিয়ে আসার সময় Hertz-এর কর্মচারী ভদ্রলোককে জিজ্ঞাসা করেছিলাম যে জোহানেসবার্গ ও তার কাছাকাছি রাস্তায় গাড়ী চালাতে কোনও বিশেষ সতর্কতার প্রয়োজন আছে কি না । তিনি বললেন পুলিশ ছাড়া আর কারো অনুরোধে গাড়ি না থামাতে - মন্দ লোকেরা এখানে প্রায়ই গাড়ি ছিনতাই করে থাকে - সেই ব্যাপারে সাবধান!

দক্ষিণ আফ্রিকায় মোটর চলে রাস্তার বাঁ দিক ধরে (কানাডার উল্টো দিক), সেই মতো গাড়ীর Steering Wheel ডান দিকে বসানো । এর আগে অস্ট্রেলিয়াতে এই রকম বাঁহাতি গাড়ী চালানোর অভিজ্ঞতা আমার হয়েছে তাই মনে মনে 'দুগ্গা, দুগ্গা' বলে রাস্তায় গাড়ী নামালাম । যাব ২০০ কিঃ মিঃ দূরে Pilanesburg Game Reserve ।

Pilasnesburg একটা মৃত আগ্নেয়গিরির বিশাল হাঁ-করা মুখ । বহুদিন ধরে সেই গহ্বর ভরে গেছে জল-জঙ্গল-নালা-পুকুরে । জন্তু জানোয়ারও অনেক থাকে এখানে । এই জঙ্গলে তৈরী করা হয়েছে একটা অভয়ারণ্য – অন্যান্য জায়গা থেকে হাতী, গন্ডার, চিতা, সিংহ ইত্যাদি এনে এখানে তাদের পুনর্বাসন দেওয়া হয়েছে । Kruger Park-এর মতো এখানেও বিশেষ গাড়িতে চেপে বন্যপ্রাণী দর্শনের আনন্দলাভের সুযোগ রয়েছে । আবার কিছুদূরেই বিখ্যাত Sun City – যেখানে তৈরী হয়েছে Las Vegas-এর মতো আমোদপ্রমোদের উপকরণ সাজিয়ে এক জমজমাট Casino Center ।

এয়ারপোর্ট থেকে বেরিয়ে হাইওয়ে ধরতে কোন অসুবিধে হয় নি, Direction মোটের ওপর সহজে বোঝা যায় । কিন্তু চার Lane-এর হাইওয়ে ঘণ্টাখানেক পরে Two Lane হয়ে গেল । তারপর হাইওয়ে ছেড়ে Regional Road-এ ৭৫ কিঃ মিঃ । এই রাস্তা গ্রামগঞ্জের পাশ দিয়ে গেছে মাঝে মাঝে, সেখানে রাস্তায় লোক হাঁটছে । আমাদের মোটরের আয়না একজন পথচারীকে বোধহয় সামান্য ধাক্কা দিয়ে চলে যায় । আমি ব্যাপারটা বুঝি কয়েক সেকেন্ড পরে কিন্তু পেছন ফিরে তাকাবার অবকাশ হয়নি – য: পলায়তি সঃ জীবতি!

প্রায় সাড়ে আট-টা নাগাদ Planesburg Reserve-এর Complex-এ গাড়ি থামলো । এখানকার পরিকাঠামোর মধ্যে অফিস, পার্কিং-লট, রেস্তোরাঁ, ওয়াশরুম সবই ছিলো । সকাল থেকে কিছু খাওয়ার ফুরসত মেলেনি – তাই Breakfast Buffet-তে বসে গেলাম । জলযোগ ও চা-পান সেরে আমরা তৈরী হলাম জঙ্গল সফরের জন্যে । মিনিট দশেকের মধ্যে একটা Special 4-Wheeler Van এসে গেল. সেখানে আমাদের কুড়ি-বাইশ জনের দলটা উঠে বসলো তড়িঘড়ি ।

Planesburg Game Reserve, বিখ্যাত Kruger Park-এর একটা Miniature version । আকারে-আয়তনে দক্ষিন আফ্রিকায় এর স্থান চার নম্বরে । তবে এখানেও Big 5 অর্থাৎ Lion. Buffalo, Leopard, Rhino ও Elephant-এর সাক্ষাত মিলতে পারে ভাগ্য সহায় হলে । সহজেই দেখা মিলে গেল হাতি, গণ্ডার, হিপো আর বনমহিষের । তাছাড়াও এধারে ওধাড়ে জটলা করেছিলো জিরাফ, এ্যান্টিলোপ ও ওয়াইল্ডবীষ্টের দল । কিন্তু পশুরাজ সামনে এলেন না এ যাত্রায় । আড়াই ঘণ্টার বনপরিক্রমা শেষ করে আমরা ফিরে এলাম ।

এবার আমরা ফিরবো জোহানেসবার্গের দিকেই । পথেই পড়বে Cradle of Humankind নামের সেই World Heritage Site যেখানকার চুনাপাথরের বিভিন্ন গুহার মধ্যে খুঁজে পাওয়া গেছে প্রাগৈতিহাসিক মানুষের বিবর্তনের নানা উপকরণ । সেই ভেবেই আমরা এগোলাম N4 হাইওয়ে ধরে । কিন্তু যাকে বলে "বিধি বাম" আর তার ফলে মসৃণ ঝকঝকে রাস্তার মধ্যে আমাদের ঝাঁ-চক্চকে গাড়ীর একটা টায়ার গেল ফেঁসে । প্রথমে ঠিক বোঝাও যায়নি । ভাগ্যক্রমে গাড়ী খুব একটা টাল খায়নি, শুধু একটা ঘ্যাঁস্ ঘ্যাঁস্ আওয়াজ পাওয়া যাচ্ছিলো । আমরা রাস্তার পাশে গিয়ে সাবধানে গাড়ী থামালাম । তখন দেখা গেল সামনের বাঁদিকের টায়ারটা ফেঁসে গেছে । স্পষ্ট কোন কারণ ছাড়াই ।

টায়ার বদলানোর পদ্ধতি রপ্ত থাকলে এই সমস্যার মোকাবেলা করা যায় সহজেই, গাড়ীতে দরকারী যন্ত্রপাতি ও একটা অতিরিক্ত টায়ার মজুত আছে । কিন্তু আমার পক্ষে তার থেকে কম কঠিন উপায় CAA-এর শরণাপন্ন হওয়া । মুস্কিল হচ্ছে এই যে দক্ষিণ আফ্রিকায় CAA-র মতন Emergency Road Service কোথায় পাওয়া যাবে তাও আমার অজানা । তার জন্যে আমাদের Highway Patrol Police-এর অপেক্ষা করতে হবে ।

এর আগে একবার এইরকম পরিস্থিতিতে পড়েছিলাম জর্ডনে । কিন্তু ভাগ্য সেবার খুব ভাল ছিলো । টায়ার ফেটে যাবার পরে কি করা যায় ভাবছি এমন সময় উল্টোদিক থেকে একটা গাড়ী এসে থামে । চারজন তরুণ যুবক ছিল সেই

গাড়ীতে। বিনা বাক্যব্যয়ে তারা গাড়ীর ট্রাঙ্ক খুলে পাঁচ মিনিটের মধ্যে চাকা বদলে "বাই বাই" বলে চলে যায়। আমরা তো প্রায় হতবাক্! কিন্তু এবার কি তার পুনরাবৃত্তি সম্ভব? ধন্য আশা কুহকিনী!

যাই হোক, আমরা গাড়ীর সামনের Hood খুলে হাত নাড়তে থাকলাম সাহায্যের আশায়। একটু পরে একটা গাড়ী এসে থামলো। দুজন কৃষ্ণকায় লোক ছিল গাড়ীতে। আমরা তাদের অনুরোধ করলাম Highway Police-কে ফোন করে ডেকে দিতে পারে কিনা। আমাদের গাড়ীর চাকা বদলাতে হবে শুনে তারা লেগে গেল কাজে। গাড়ীর ট্রাঙ্ক খুলে Jack আর Spare টায়ার বার করলো। আমরা ভাবলাম ভাগ্য এবারও ভাল তাহলে ! কিন্তু তা হবার নয়। Jack লাগিয়ে গাড়ীর সামনের দিক উঁচু করে টায়ারটা খুলতে গিয়ে দেখা গেল অসুবিধে হচ্ছে। কোনও কারনে নাটবল্টুগুলো পিছলে যাচ্ছে, তাদের আলগা করা যাচ্ছে না। কিছুক্ষণ চেষ্টা করে তারা হাল ছেড়ে দিলো, চলে গেল একটা Tow Truck পাঠাবার আশ্বাস দিয়ে। আমরাও যে তিমিরে ছিলাম সেই তিমিরেই রয়ে গেলাম।

এর পরে থামলো যে গাড়ীটা সেটায় যাচ্ছিল একটি কৃষ্ণাঙ্গ ফ্যামিলী -- স্বামী, স্ত্রী ও ছোট্ট বাচ্ছা। এরা চালাচ্ছিল আমাদের মতো একই মডেলের আর একটা গাড়ী। লোকটি নেমে আসতে আমরা জানালাম আমাদের Problem-টা। সে তখন Nut-গুলো খোলার চেষ্টা করতে করতে আবিষ্কার করলো যে প্রতিটি Nut-এর মাথায় একটা Plastic-র ঢাকনা লাগানো আছে, যেটা না খুললে Nut-টা ঘোরানো যায় না। এরপর সেই ঢাকনাগুলো খুলে নিয়ে তারপর Nut-গুলো খুলে চাকা পাল্টানো হোলো। আবার গাড়ী উঠলো হাইওয়েতে। তবে যে চাকাটা লাগানো হয়েছিলো সেটা একটা Emergency Spare,অর্থাৎ Full-size নয়।

আমরা সোজা এয়ারপোর্টে গিয়ে Hertz-কে গাড়ীটা ফেরৎ দিয়ে দিলাম। আর গাড়ী চালিয়ে কাজ নেই। আফশোষ এই যে কয়েক ঘণ্টা সময় নষ্ট করার ফলে Cradle of Humankind যাওয়ার Planটা বাতিল হয়ে গেল। ট্যাক্সী ধরে Airport থেকে এবার হোটেলে চলে এলাম। ম্যান্ডেলার দেশে প্রথম দিন এভাবেই সাঙ্গ হোল।

দ্বিতীয় দিন শুরু হোল সকাল সকাল। যথাসম্ভব তাড়াতাড়ি তৈরী হয়ে আমরা বেরোলাম জোহানেসবার্গের বিশেষ বিশেষ কয়েক জায়গায় হাজিরা দিতে। এখন আর সঙ্গে মোটর নেই, তাই অন্যান্য যানবাহন ব্যবহার করতে হবে। বিদেশে শহরের এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে সাধারণতঃ ট্যাক্সী ব্যবহার করাই সুবিধা, কিন্তু যানজটের কবলে পড়লে খরচ যায় বেড়ে। ট্যাক্সী পেতেও অসুবিধা কম হয় না কখনও কখনও -প্রতারণার সম্ভবনা তো আছেই।

আমাদের গন্তব্য শহরের মাঝামাঝি অঞ্চলে। হোটেলে খোঁজ করে জানা গেল Airport থেকে শহরে যাওয়ার জন্য Gautrain নামে যে Express Train যায় সেটি নিঃসন্দেহে দ্রুত ও নিরাপদ। উপরন্তু, হোটেল থেকে Train Station পর্যন্ত Shuttle Bus-এর ব্যবস্থাও আছে। অতএব আমরা শাট্ল বাস ও ট্রেন ধরে চলে এলাম শহরের মধ্যে Rosebank Station-এ। এখানে টিকিট কাটতে হবে Hop-on Hop-off টুরিষ্ট বাসের। লাল রঙের এই Sightseeing বাসগুলো সবকটা উল্লেখযোগ্য Attraction-এ ঘুরে ঘুরে আসে। সারাদিন ধরে এই বাস ব্যবহার করে ইচ্ছেমত জায়গায় যাওয়া যায়। ৩০ মিনিট অন্তর এদের ধরতে পারা যায় যে কোনও Bus Stop থেকে। আমরা টিকিট কেটে উঠলাম সেই বাসে। শহরের মধ্যে প্রধান সড়ক ধরে, মাঝে মাঝে নির্দিষ্ট জায়গায় থেমে থেমে এবং যাত্রী উঠিয়ে-নামিয়ে এগোতে থাকলো বাসটি। দোতলা এই বাসের প্রতিটি Seat-এর পাশেই ছোট ছোট Earphone রয়েছে যাতে ইচ্ছেমতন কানে লাগিয়ে লাগাতার ধারাবিবরণী শোনা যাবে।

বাসরুটের ১৪ নম্বর স্টপে নেমে সামান্য হেঁটে আমরা Apertheid Musium-এর সামনের দরজায় পৌঁছলাম। প্রবেশপথটি দুভাগে ভাগ করা -- একদিকে লেখা WHITES এবং অন্য দিকে NON-WHITES - যদিও এই বিভাজন

একটা Symbol মাত্র, ভেতরে ঢোকার জন্য নিজের ইচ্ছেমত যে কোনও একটা দিক বেছে নিতে এখানে আজ কোন নিষেধ নেই ।

ভেতরে ঢুকে প্রথমেই চোখে পড়বে এক জায়গায় সারি দিয়ে দাঁড়ানো বেশ উঁচু কয়েকটা Concrete Pillars, তারা প্রত্যেকে তুলে ধরেছে একটি করে শব্দ – Freedom, Equality, Diversity, Respect, Responsibility, Reconciliation । ছবি, পোষ্টার, Film, Artifact দিয়ে সাজানো এই Multimedia Musium-টি মোটের ওপর খুবই মনোগ্রাহী ও আকর্ষণীয় । ঘণ্টা দেড়েক সময় এখানে কেটে গেল বেশ তাড়াতাড়িই এবং পরের Program-এর নির্দিষ্ট সময় এগিয়ে আসায় আমরা বাইরে চলে এলাম ।

Johannesburg-এর দক্ষিণ-পশ্চিম অংশে বর্ণবিভাজন নীতিকে কায়েম করে একটা Ghetto তৈরী হয় Colonial শাসনের সময়, যেখানে মূলতঃ কৃষ্ণকায় লোকেদের বাস । জায়গাটা কুখ্যাত হয়েছিলো SoWeTo নামে । এখানকার ঘরবাড়ী ছিল নিম্নমানের এবং অপরাধ ঘটত ঘনঘন । দিনের বেলাতেও এই অঞ্চলে যাতায়াত নিরাপদ ছিল না । বর্তমানে গত কয়েক দশক ধরে এখানকার সামগ্রিক উন্নয়নের চেষ্টা চলছে । তারই অন্যতম প্রয়াস টুরিষ্টদের এই SoWeTo ঘুরিয়ে দেখানো ।

একটা স্পেশাল Minibus চেপে SoWeTo পরিক্রমা শুরু হোল । বর্ণবৈষ্যমের লড়াইতে অনেক রক্ত ঝরেছে এখানে । তার একটার স্মৃতিসৌধ হয়ে দাঁড়িয়ে আছে Victor Peterson Memorial । অনতিদূরেই Mandela House, নেলসন ম্যান্ডেলার এই প্রাক্তন আবাসেও এখন একটি Museum করা হয়েছে । আর এক বিশ্ববন্দিত মনিষী নোবেলজয়ী ডেসমন্ড টুটু, তাঁর বাড়ীটিও ছিলো কাছাকাছি । Minibus থেকে নেমে ঐ সব জায়গায় ঘুরে আসা গেল আমাদের দলের সঙ্গে । এরপর ফিরে যাওয়া । এই এলাকায় আধুনিক ডিজাইনে যে সব নতুন বাড়ী তৈরী হচ্ছে তার কিছু নমুনা চোখে পড়লো এবার । SoWeTo থেকে বেরিয়ে আসার মুখে একটা Stadium আর একটা Waterworks-এ থেমে এই দুই Landmarks-এর ছবিও ক্যামেরাবন্দী করলাম ।

মিনিবাসের দু-ঘণ্টার SoWoTo পরিক্রমার পর আমরা আবার দোতলা বাসে উঠলাম । আধঘণ্টা পরে বাস থামলো Jo'Burg Carlton Center Tower ষ্টপেজে । এই টাওয়ারটি জো-বার্গের উচ্চতম অট্টালিকা । এর ৫০ তলার Observatory থেকে সমস্ত শহরটি পরিষ্কার দেখা যাচ্ছিলো দিনের আলোয় । এই Floor-এই একটা Showcase-এ মহাত্মা গান্ধীজির তরুণ বয়সের কিছু ছবির সঙ্গে দক্ষিণ আফ্রিকায় তাঁর সংগ্রামের ইতিহাস পড়লাম । তারপর ওপর থেকে Ghandhi Square জায়গাটাও দেখলাম যেখানে তাঁর একটা ব্রোঞ্জ মূর্তি বসানো আছে ।

টাওয়ার থেকে নেমে এসে আবার বাস ধরে Rosebank Train Station-এ নামলাম আমরা। এটা বাসেরও Terminus। এবার আমাদের ট্রেন ধরে হোটেলে ফিরতে হবে । তার আগে আমরা কাছেই একটা Burger King-এ গিয়ে রাতের খাওয়া শেষ করে নিলাম । তারপর ট্রেনে চড়ে সকালে যেখান থেকে উঠেছিলাম সেই স্টেশনে ফিরলাম আমরা ।এখন কিন্তু হোটেলের Shuttle বাস না থাকায় একটা ট্যাক্সী ধরতে হোলো । সেই দিনই আমাদের একটা নতুন হোটেলে Shift করতে হবে । অতএব প্রথমে পুরানো হোটেলে গিয়ে আমাদের স্যুটকেস, ব্যাগ তুলে নিয়ে নতুন হোটেলে উঠলাম । এদিনের মতো ঘোরাঘুরি এখানেই শেষ কেননা আমাদের কোনও Night Program নেই ।

পরের দিন সকালবেলা উঠে আমরা তৈরী হলাম মালপত্র গোছাতে । হোটেলে একটা Conference-এ যোগ দিতে অনেক লোক এসেছে, তাই Breakfast Hall-এ বেজায় ভীড় । যাই হোক, তারই মধ্যে জায়গা খুঁজে আমরা বসে গেলাম । খাওয়া শেষ করে এরপর আমরা মালপত্র নিয়ে নেমে এলাম হোটেলের ঘর ছেড়ে । এবার একটা ট্যাক্সী ধরে সোজা

বিমানবন্দর - গন্তব্য পাশের দেশ Zambia-র Livingstone শহর । ভূপর্যটক David Livingstone, যিনি ভিক্টোরিয়া জলপ্রপাত আবিষ্কার করেছিলেন Zambia ও Zimbawe এই দুই দেশের সীমানায়, তাঁরই নামে ঐ শহরের নাম ।

[দক্ষিণ আফ্রিকা থেকে Zambia, Zimbawe ও Botswana-তে আমরা তিন দিন কাটিয়ে আসি । Zim ও Zam-এ অবিরল বৃষ্টির দৌরাত্ম্যে ভিক্টোরিয়ার দৃশ্য দেখা যায়নি ভালো । তবে Botswana-য় Chobe National Park-এর নদী ও জঙ্গলসফর খুবই উপভোগ্য অভিজ্ঞতা -- বিশেষতঃ Chobe Park-এর ৬০ হাজার ঐরাবতের ইতস্ততঃ বিচরণ ও জল নিয়ে খেলা – এত বড় হাতির দল এর আগে কোথাও দেখিনি ।]

Zambia থেকে তিন দিন বাদে আমরা ফিরে এলাম ম্যান্ডেলার দেশে । আমাদের বিমান সন্ধ্যা সাতটা নাগাদ Capetown Airport-এ নামলো । দিনের আলো তখনও ছিলো বেশ । আমাদের এখানকার সরাইখানার নাম VIP Cape Lodge, ট্যাক্সী নিয়ে আমরা সেখানে এলাম । এটা ঠিক হোটেলের মতো নয়, গেটবন্ধ একটা দোতলা বাড়ী, সামনে একটা ছোট বাগান । আমরা গেটে কয়েকবার ধাক্কা দেবার পরে একটি তামিল তরুণী ওপর থেকে নেমে এসে চাবি দিয়ে দরজা খুলে দিলো, তারপর নিয়ে গেল নীচের তলার একটা ঘরে ।

ঘরটা খাট-বিছানা-টেবিল-চেয়ার দিয়ে Furnished--একপাশে ফ্রীজ-স্টোভ, কিন্ত ঘরে Phone নেই । আমরা তরুণীকে বললাম একটা Pizza আনিয়ে দিতে, রাতের আহার । সে "ঠিক আছে" বলে চলে গেল । Pizza আসতে লাগলো ৩০ মিনিট প্রায়, মেয়েটি আবার গেটের চাবি খুলে দিয়ে গেল ।

রাতের খাওয়ার পরে ঘুমোতে যাওয়ার আগে পরের দিনের শহর পরিক্রমার প্ল্যানটা করতে হবে । অবশ্য দ্রস্টব্যের তালিকায় প্রথমে ছিলো Robben Island -- যেখানে নেলসন ম্যান্ডেলা ১৮ বছর কারাবাসে কাটিয়েছেন, সেখানেই আগে যাওয়া ঠিক । তারপর Table Mountain, Signal Hill এবং অন্যান্য জায়গায় যেতে হবে । সেইমতো আমরা পরদিন সকালবেলা উঠে স্নান-টান সেরে তৈরী হলাম । আগের দিনের বেঁচে যাওয়া কিছু খাবার ছিলো, তাই দিয়ে ব্রেকফাস্ট করা হোল । এখানেও আমরা প্রধানতঃ Hop-on Hop-off বাসেই বিভিন্ন জায়গায় যাবার পরিকল্পনা করেছিলাম । তবে আগে একটা ট্যাক্সী নিয়ে Bus Terminus-এ পৌঁছতে হবে । সেই মতো Lodge-এর মালিকান মহিলাকে বললাম আমাদের একটা ট্যাক্সী আনিয়ে দিতে । তিনি বললেন মিনিট পনের বাদে বেরোলে অফিস যাওয়ার পথে আমাদের নামিয়ে দিতে পারবেন । সেইমতো Ride নিয়ে আমরা Bus Terminus-এ পৌঁছে আমাদের Bus Pass কালেক্ট করলাম । লাল, হলুদ রুটের বাস – যাব Victoria & Alfred Waterfront-এ । বাসটা পাঁচ-ছ জায়গায় থামার পর এলো Waterfront স্টপে । এখান থেকে লঞ্চ ছাড়ে Robben Island যাবার । লাগে কুড়ি-পঁচিশ মিনিট । আমরা হেঁটে গিয়ে Nelson Mandela Gateway Dock-এ নোঙ্গর করা ফেরীবোটে উঠলাম । দশ মিনিট বাদে Boat ছাড়লো । বেলা তখন এগারোটা ।

প্রায় আধঘণ্টা বাদে বোট থেকে নেমে আমরা একটা Tourbus-এ উঠলাম দ্বীপটা একচক্কর ঘুরে আসতে । বাস একবার থামলো একটা Limestone Quarry-তে যেখানে হাড়ভাঙ্গা শ্রম করে কয়েদীরা পাথর ভেঙে খোয়া তৈরী করতেন । অনতিদূরে একটা গুহায় তাঁদের যেতে হতো পায়খানা-প্রস্রাব সারতে । এরপরে বাসটা একটা Cemetery-র পাশ দিয়ে গেল যার নাম Leper Graveyard । আত্মীয়স্বজনহীন কয়েদীদের মৃত্যুর পরে ওখানেই কবর দেওয়া হোতো । এছাড়াও আমরা দেখলাম সারি সারি কারাগার, পরিত্যক্ত সৈনিকাবাস ও আরও কিছু Building ।

প্রায় পঁয়তাল্লিশ মিনিটের Bustour শেষ হলে একটা পনের মিনিটের বিরতি । বিরতির পরে আমাদের গাইড হয়ে এলেন একজন প্রাক্তন Robben Island কয়েদী । তাঁর সঙ্গে আমরা কারাগার-ভবনের বিভিন্ন অংশ ঘুরে দেখলাম, বিশেষ করে যে প্রকোষ্ঠটিতে ১৮ বছর একা থাকতেন মহামতি ম্যান্ডেলা । অন্য কয়েদীদের সঙ্গে তাঁর মেলামেশা নিষিদ্ধ!

এইভাবে কারাগার পরিদর্শন সমাপ্ত হলে আমরা আবার ফেরীবোটে উঠলাম । Robben Island থেকে V & A Waterfront-এ ফিরে এসে কিছু খেয়ে নিলাম আমরা । তারপর Harbour থেকে বোটে চেপে চল্লিশ মিনিটের একটা Mini Cruise-এ ঘুরে দেখা গেল Cape Town-এর খানিকটা । ইতিমধ্যে বিকেল হয়ে এসেছে । এবার Signal Hill-এ না উঠলে "Best Sunset of South Afrika" দেখা হয়ে যাবে । না, হেঁটে পাহাড়ে উঠতে হবে না, Hop-on Hop-off বাসেই যাওয়া যায় । তবে Waterfront থেকে সরাসরি যাওয়া যায় না, বাস বদল করতে হবে একবার ।

সেইমত ছোটাছুটি করে আমরা Signal Hill-এ পৌঁছে দেখলাম সেখানে তখনই অনেক লোক জড়ো হয়েছে। সূর্যদেব তখনো পশ্চিম দিগন্তের কিছু ওপরেই আছেন, কিন্তু ঠান্ডা হাওয়া দিচ্ছে ইতিমধ্যেই । ওপর থেকে Cape Town শহরের Aerial View চমৎকার । এখানে Sunset হয় জলের ওপরে, সে দৃশ্য আরো মনোরম ।

সূর্য্যাস্তের একটু পরেই আমরা বাসে চেপে Waterfront-এ ফিরে এলাম । ওখানে একটা MacDonald Restaurant ছিল, সেখানেই খাওয়াদাওয়া সেরে একটা ট্যাক্সী ধরে Back to Lodge । আজকের দিন শেষ হয়ে গেল । আগামীকাল Cape Town-এ আমাদের শেষ দিন -- কাল উঠতে হবে এই শহরের সবথেকে উল্লেখযোগ্য Landmark, অর্থাৎ Table Mountain-এ ।

পরের দিন সকাল ছটায় উঠে সুটকেশ গুছিয়ে সাতটার সময় ট্যাক্সী ধরলাম আমরা । Hop-on Hoff-off বাসের অফিসে আমাদের মালপত্র রেখে রেড বাস ধরে Table Mountain স্টপে নামলাম যখন তখন বেলা ৯টা । ইতিমধ্যেই লম্বা লাইন পড়েছে ওপরে ওঠার । Cable Car চেপে উঠতে হবে, তারই জন্য এই লাইন । প্রায় এক ঘণ্টা পরে আমরা Cable Car-এ উঠলাম । পাঁচ মিনিট ধরে সেটা উঠতে থাকলো জনা পঞ্চাশ যাত্রী নিয়ে । থামলো ৩৫০০ ফুট ওপরে । অনেক লোকজনে জায়গাটা জমজমাট - আমরা গিয়ে দাঁড়ালাম উত্তরদিকে, সামনে Table Bay আর দূরে বিন্দুর মতো Robben Island । দক্ষিন ও পশ্চিমে তাকালে অতলান্তিক সমুদ্র দেখা যায় ।

ক্যামেরায় বিভিন্ন দিক থেকে বেশ কিছু ছবি তোলার পর আমরা নীচে নামার লাইনে দাঁড়ালাম । সেখানে কোনও ভীড় ছিল না । তবে নীচে নেমে Bus Stop-এ কিছুক্ষণ অপেক্ষা করতে হয়েছিলো । প্রায় বারোটা নাগাদ বাস কোম্পানির অফিসে এসে পৌঁছলাম আমরা । ওখানে আমাদের রাখা মালপত্র নিয়ে আমরা রওনা দিলাম বিমানবন্দরের দিকে । এবার ফেরার পালা । দু-ঘণ্টা পরে ম্যান্ডেলার দেশকে বিদায় জানিয়ে আমাদের বিমান আকাশে ডানা মেলে দিলো । Au revoir!



----- XX ----

পুতুল খেলা

নন্দিতা ভাটনগর

সাবেকি বাড়ির দক্ষিণের বারান্দায় বসেছিলেন এক বনেদি পরিবারের শেষ জীবিত পুত্রবধূ সুহাসিনী। উদাস চোখে চেয়ে ছিলেন সামনের রাস্তাটার দিকে। তিনি এসেছিলেন সেই কোন যুগে এ -বাড়িতে যখন ম্যে-বৌদের কোথাও বেরোবার হুকুম ছিল না। অন্দর মহল আর বার মহলের মাঝখানে ছিল এক নিষেধের দেওয়াল। সেই দেওয়ালের দুদিকে থাকত দূত আর দূতীদের আনাগোনা - ছোট, বড় মেজ-সেজ, দাসী আর হুঁকো বরদার, বেয়ারা, জমাদার আর চাকরদের খাস রাজত্ব ছিল সেখানে।

মনে পড়ে সুহাসিনীর তার ছ'বছর বয়সটাকে - যখন তাঁকে গয়নাগাটি শারি-জ্যাকেটের ভারে নুয়ে পড়ে বদ্ধ ফিটনে চেপে দাসীর হাত ধরে আসতে হত এ বাড়িতে । ভাবী শ্বশুর বাড়ির মানুষদের সংগে পরিচয় করিয়ে দেবার এই ব্যবস্থাটি করেছিলেয়ান দুই পরিবারের গুরুজনেরা। ছোট মেয়েটির মতামত কেউ চায় নি। তাকে কেউ জিজ্ঞেস করেনি যে তার ওই ভাবে যেতে ভাল লাগে কিনা। হঠাত পুতুল খেলার মাঝখান থেকে তাকে উঠে আসতে হত। তারপর এ বাড়িতে এলেই বড় বড় পাকা গিন্নীরা, বয়স্ক দাসীরা তাকে দেখত খুঁটিয়ে খুঁটিয়ে । নেড়েচেড়ে দেখত তার ঐ সব ভারি ভারি গয়নাগুলোকে। সুহাসিনীদের পরিবারটিও ছিল সমান ওজনের বনেদি বংশ। ওঁদের কাছের ও দূরের অনেক জ্ঞাতি গোষ্ঠী তখন ছড়িয়ে ছিল বনেদি কলকাতার চতুর্দিকে । সেই গোষ্ঠীর এক পরিবার ছিল জোড়াসাঁকোর বাসিন্দা। ওই পরিবারটির কৃষ্টি ও সংস্কৃতির খ্যাতি তখন সমস্ত কলকাতা কেন সারা ভারতবর্ষেই বিস্ময় ছিল। ওঁদেরই একজন ইতিমধ্যে জগত জিনে নিয়ে এসেছেন সম্মান। ওই বাড়ির মেয়েরা তখন শিখত লেখাপড়া , একটি বউ তো সেই কোন যুগে স্বামীর সাথে আরবী ঘোড়ায় চড়ে ময়দান ঘুরেও এসেছে। কিন্তু সুহাসিনীদের বাড়িতে ত খনও বারো বছর না পড়তেই মেয়েদের বিয়ে হয়ে যেত। ছেলেমেয়েদের জন্মের আগেই হয়ে যেত বাক দান। সুহাসিনীর ক্ষেত্রেও তার ব্যতিক্রম হয়নি। ওঁর ঠাকুরদা কথা দিয়েছিলেন তাঁর যদি প্রথম পৌত্রী হয়, তবে সে এই বাড়ির একমাত্র ছেলের বৌ হবে। সুহাসিনীর জন্মের সময় সেই ছেলেটির বয়স দশ; তাকেও কেউ কিছু জিজ্ঞেস করেনি। কিন্তু তার কুড়ি পঁচিশ বছরের মধ্যেই যুগ বদলের হাওয়া লেগেছিল এ বাড়িতে । তার পর তো সুহাসিনীর নিজের মেয়েরাই অন্দর মহলের বাধানিষেধের গন্ডী পেরিয়ে চলে এল বাইরের আলোয় ভরা আঙিনায় । ওদের মা হয়ে তিনিও অনেক কালের সেই বাঁধনটাকে ছিঁড়ে ফেলে বেরিয়ে এসেছিলেন, আর পেছনে ফিরে তাকান নি। অবশ্য এর পেছনে তাঁর স্বর্গত স্বামীর সস্নেহ উৎসাহ আর ভালবাসা না থাকলে যে কী হত তা বলা শক্ত। কিন্তু সুহাসিনীও নিজের জোরে এগিয়ে গিয়েছিলেন, থামেন নি কোথাও। তাঁর চিরটা কাল মনে হয়েছে সামনে তাকিয়ে পথ চলাটাই জীবনের প্রধান উদ্দেশ্য হওয়া উচিত। সেই যে উপনিষদে কোন ঋষি বলে গেছেন 'চরৈবেতি', এগিয়ে চল, এগিয়ে চল। ওইটিই তাঁর মূলমন্ত্র, ছেলেমেয়েদেরও বলেছেন সেই কথা বার বার। আজ শহরতলি আর শহরের মেয়েদের মাঝখানে তিনি গড়ে তুলেছেন নিজের কর্মক্ষেত্র। সেই পথ ধরে এসেছে খ্যাতি, এসেছে সম্মান...সেই অল্পশিক্ষিতা বৌটিকে তুলে নিয়ে গেছে আজ অসাধারণ পর্যায়ে। এখন বেতার, দূরদর্শনের আহ্বানও আসে তাঁর কাছে সাক্ষাৎকারের জন্য- অবাকই লাগে ভাবলে। জীবনের প্রান্তবেলায় বসে বসে সেই কথাগুলোই আজ আসা-যাওয়া করছিল তাঁর মনের মধ্যে।

আজকে সুহাসিনীর এক মেয়ে আসছে ক্যানাডা থেকে কয়েক সপ্তাহের জন্য। কতদিন দেখেন নি মেয়েকে। সকাল থেকে তাই অপেক্ষায় বসে আছেন এই বারান্দায়। ওঁর ছেলেমেয়েরাই এখন জীবনের সব চেয়ে দামী জিনিস। ঐ ভারী ভারী গয়নাগুলোর চেয়েও অনেক বেশি দামি। ওদের আর ওদের ছেলেমেয়েদের ভেতর দিয়েই জগতটাকে চিনে নেন তিনি; দেখতে পান যুগ বদলের হাওয়াটা লেগেছে কোন পালে।

ট্যাক্সিটা এসে থামল। ঝুঁকে পড়ে দেখলেন সুহাসিনী - পর্ণা নামল একাই। মেয়ের শান্ত বিষণ্ন মুখখানা দেখে তাঁর বুকের মাঝখানটা একবার মুচড়ে উঠল। পর্ণার সদানন্দ, সদাহাস্যময় স্বামী অকালে পাড়ি জমিয়েছে ওপারে। তার পর এই প্রথম মেয়ে আসছে মায়ের কাছে। তিনি তো জানেন পর্ণাকে শক্ত মাটিতে দাঁড়াতে হবেই, আর মা হয়ে তিনি সেই কথাটা যদি বোঝাতে পারেন, তবেই তাঁর মা হওয়া সার্থক। সুহাসিনী আস্তে আস্তে অথচ দৃঢ় পায়ে নেমে এলেন নিচে। পর্ণা প্রণাম করে উঠে দাঁড়াতেই সুহাসিনী ওকে বুকের মধ্যে টেনে নিলেন। মায়ের বুকে মুখ গুঁজে পর্ণা বলল "মাগো, আমি যে কাঁদতে পারছি না। কষ্টে বুক ফেটে যাচ্ছে, তবু পারছি না "। মা বললেন শান্ত গলায় "কান্নারও কিছু প্রয়োজন আছে জীবনে, আর সেই প্রয়োজনও সামান্য নয়। কিন্তু চোখের জল বড় নিজস্ব ধন, বড় দামি। যেখানে সেখানে ফেল না, যে বুঝবে তোমার এই কষ্ট, যে তোমার মনটাকে ছুঁতে পারবে, তেমন লোকের সামনেই ফেল। নইলে অমন মূল্যবান অনুভূতির অপব্যয় হবে"। মেয়ের হাতখানা ধরে সিঁড়ি দিয়ে উঠতে উঠতে আবার বললেন তিনি "আনন্দটাও কিন্তু জীবনের একটা অপরিহার্য অংশ। সেটাকে বাদ দিয়ে শুধুমাত্র কান্না দিয়ে জীবনটাকে ভরে রেখ না; আনন্দের মধ্যেই খুঁজে পাবে জীবনের অর্থ, বেঁচে থাকার তাতপর্য "। এতদিনে পর্ণার বুকের পাথরটাতে যেন লাগল পরশমণির ছোয়া, আর সেই পাথর গলে সোনার স্রোতে ভাসিয়ে নিয়ে গেল ওর এতদিনের কান্নাটিকে। মা-মেয়ে উঠে এলেন ওপরে।

কেটে গেল কয়েকটা দিন নানা ব্যস্ততায়। রোজ রাত্রে মা মেয়েতে নানা পুরনো কথা হয় শুয়ে শুয়ে। পর্ণা জিজ্ঞেস করে "আচ্ছা মা, আসতে তো এ বাড়িতে সেই কোন ছোটবেলা থেকে, বাবাকে দেখনি কখনও?"

"কেন দেখব না? ওই তো বাড়ির চত্বরে সে পায়ে চাকা-লাগানো কী একটা পরে দৌড়ে বেড়াত । পরে জেনেছি সেটা ছিল রোলার স্কেট। আমিও একদিন পরতে চেয়েচিলুম, কিন্তু মোটেই পাত্তা দেয় নি। "

পর্ণা হেসে ফেলে।

"মাগো, কী করে তুমি ভেবেছিলে যে সেই যুগে বাড়ির হবু বৌকে রোলার স্কে ট পরে দৌড়তে দেবে কেউ?"

"মুশকিলটা ছিল তো সেখানেই বে। ওই যুগের সেই অন্যায় অনুশাসনটা মানতে যে ইচ্ছে করত না আমার। জানিস -" উত্তেজনায় উঠে বসলেন তিনি। "শুনতে পেলুম দাসীদের সুপুরি কাটার দংগলের মধ্যে বসে একদিন, একরকমের গাড়ি চলেছে কলকাতার রাস্তায়। সাপের মত আঁকাবাঁকা লাইন পাতা হয়েছে। তার ওপর দিয়ে চলে ঝকঝকে দুটো গাড়ি, একসঙ্গে জোড়া । ওগুলোকে নাকি বলে ট্রাম গাড়ি । ব্যস, আমি মনে মনে ঠিক করে ফেললুম ওই গাড়িতে একবার চাপতে হবেই হবে।"

"চাপতে গেলে তো ভাড়া লাগত। সেটা কি করে জোগাড় করবে ভেবেছিলে?"

"দাসীদের কাছ থেকেই জেনে নিলুম ভা ড়া কত। পান সাজার জন্য কিছু দিতেন ঠাকুরমা। সেইটুকুই জমিয়ে জমিয়ে একদিন রওনা দিলুম সেই ট্রামগাড়ির এ্যাডভেঞ্চারের উদ্দেশ্যে। তখন দাসীদের দল মেঝেতে আঁচল বিছিয়ে শুয়ে পড়েছে । মা ঠাকুরমারাও যে যার ঘরে চুল এলো করে শুয়ে পড়েছেন । চারিদিকে নিঝঝুম, বাইরে দারোয়ানজী ওই সময়ে খৈনি টিপতে টিপতে ঝিমিয়ে নেয় - সেটাও জানা ছিল। পা টিপে টিপে দুটো মহল তো পেরোলুম। প্রায় পৌঁছে গেছি সিং দরজার কাছটিতে - আর দু'পা, তারপরই সেই ট্রামগাড়ির রোমাঞ্চময় জগত। যেই না পা বাড়িয়েছি - হঠাত টান পড়ল বিনুনিতে - মায়ের খাস দাসী সুন্দরীর বাউটি পরা হাতের টা ন। একটানে আমার সামনে থেকে সরে গেল

সেই খোলা আকাশের জগতটা। মুছে গেল ট্রামগাড়ি আর সেটাকে ঘিরে শত রকমের রোমাঞ্চ। ঘুচে গেল আমার ট্রামগাড়িতে চাপার সাধ।"

"কিন্তু মা, তুমি তো তারপর কতবার চড়েছ ট্রামে - এমন কি এই আধুনিক পাতাল রেলেও। তারপরও সেই দুঃখটা ভোলো নি?"

" নারে, ভোলা কি যায়? নিজে নিজে সেই নিষেধের গন্ডীটাকে পেরোবার সাহস, সেই নীরব বিদ্রোহ - তার কি কোন তুলনা আছে?"

পর্ণা দুহাত দিয়ে মাকে জড়িয়ে ধরে বলে "মাগো, এখন বুঝি, তুমি কেন আমাদের সকলকে এমন করে বাইরের দিকে ঠেলে দিয়েছিলে"।

আরো চলে গেল কয়েকটা দিন। একদিন পর্ণা বলল "মা, কত জঞ্জাল জমে রয়েছে এই দেওয়াল-আলমারিগুলোতে। একটু পরিস্কার করে কিছু জিনিসপত্র ফেলে দিই যদি বল। " সুহাসিনীরও আপত্তি নেই তাতে। এ বাড়ির বহু প্রাচীন জিনিসও রয়েছে ওই আলমারির মধ্যে। ছেলেমেয়েদের অনেক দিয়েও দিয়েছেন তিনি। কিন্তু তাদের ছোট সংসার, ছোট বাড়ি । তারা সব নিতেও চায় না। অথচ নিজের হাতে ফেলতেও পারেননি; পর্ণা যদি পারে করুক না।

পর্ণা বসে গেল সাবানগোলা জল আর ক্যানাডা থেকে আনা স্পঞ্জ নিয়ে। সারাটা দিন ধরে অনেকটা পরিচ্ছন্নও করে আনল সে। তারপর বসল মায়ের পুতুলের আলমারিটা গোছাতে। সুহাসিনীর সাতটি ছেলেমেয়ে বরাবর দেখে এসেছে তাদের মায়ের বড় পুতুলের শখ। তাই তারা, বিশেষ করে তাঁর বিদেশবাসী ছেলেমেয়েরা, যেখানে যখন নতুন ধাঁচের পুতুল দেখে, এনে দেয় মাকে। নতুন কোন পুতুল দেখলেই মায়ের মুখখানা এখনও কেমন উদ্ভাসিত হয়ে ওঠে। সেটা ভেবেই হাসি পেল পর্ণার। হঠাত তার চোখ পড়ল আলমারির একটা তাকের পেছনের দিকে, কয়েকটা পুরনো চীনেমাটির, সেকুলয়েডের আর পোড়ামাটির পুতুল রয়েছে সেখানে। সেগুলোকে বের করে দেখল - কোনটাই আস্ত নয়। একটার নাক থেবড়ে গেছে, অন্যটার হাত নেই, আবার আরেকটার পায়ের দিকটাতে চিড় ধরেছে। পোড়ামাটির পুতুলগুলোর তো রঙ উঠে নাক মুখ সব মুছেই গেছে একে বারে - সবকটাই অত্যন্ত পুরনো আর শ্রীহীন। এগুলো ফেলে দিলে মা নিশ্চয়ই খুশি হবেন। তবু ফেলে দেবার আগে মাকে একবার দেখানো উচিত। পর্ণা ডেকে আনল সুহাসিনীকে । "মা, দেখ তো এই হতকুচ্ছিত পুতুলেগুলোকে। তোমার এত পুতুল, এগুলোকে রাখবার কোন দরকার আছে কি? "

হঠাত সুহাসিনী যেন আ কুল হয়ে উঠলেন, দুহাত বাড়িয়ে সেই আধভাঙ্গা, বিকলাংগ পুতুলগুলোকে টেনে নিয়ে বললেন "না, না, এগুলো ফেলিস না। থাক না এগুলো, কতই বা জায়গা নিচ্ছে - এতই যখন রয়েছে"। তার গলায় কেমন একটা ছেলেমানুষী আবদার ফুটে উঠল। পর্ণা অবাকই হল তার স্থির, ধীর, বুদ্ধিমতী মায়ের এই চাঞ ল্য দেখে। কিন্তু তখন আর কিছু বলল না সে। আবার ঝেড়ে মুছে ঢুকিয়ে দিল পুতুলগুলোকে আলমারির মধ্যে।

সেদিন রাত্রে আবার মা মেয়ের শোবার সময় এল। মায়ের পাশটিতে ছোটবেলাকার মত গুটিশুটি মেরে শুয়ে পড়ে পর্ণা বলল "আচ্ছা মা, সত্যি বল তো কি হবে ওই ভাঙ্গা পুতুলগুলোকে রেখে। আমরাও খেলিনি ওগুলোকে নিয়ে। আর তোমার আধুনিকা নাতনীরাও তো বড়ই হয়ে গেছে। তাছাড়া ওসব তারা বোধহয় ছুঁয়ে ও দেখত না"। সুহাসিনী ওকে কথা শেষ করতে দিলেনা না। "ওরে, তোরা কী বুঝবি? আমার তো সেই বিয়ে হয়ে গেল বারো বছর বয়সে। পুতুলে নিয়ে খেলতে খেলতে কখন দেখি সেই খেলাঘরের সংসার থেকে জোর করে নিয়ে গেল আমাকের সবাই সত্যিকারের সংসারে। সেখানে কল্পনা বলে কিছু ছিলা না। ছিল না আ পন মনে নিজের কোণটাতে লুকোবার অবকাশ। সেখানে সবাই বড় বাস্তব, বড়ই প্রকট। বিয়ের ঠিক পরেই কদিন বাদে যখন প্রথম বাপের বাড়িতে এলুম মাথার ঘোমটা ফেলে দিয়ে, একটা মস্ত দম নিয়ে প্রথমেই ছুটেছিলাম আমার পুতুলের সংসার দেখতে। গিয়ে দেখি সব ফাঁকা । খুড়তুতো, মাসতুতো

ছোট বোনগুলো তক্কে তক্কে ছিল, কবে দিদিভাই শ্বশুর বাড়ি যাবে, আর সেই পুতুলগুলো ওদের হয়ে যাবে। আমার মা সেটা জানতেনও। তাই তিনি সেগুলো ওদেরই দিয়ে দিয়েছিলেন। এটুকু বোঝেন নি যে বারো বছরের ছোট্ট মেয়েটার পুতুলখেলা তখনও শেষ হয়নি। কী কষ্ট যে হয়েছিল সেদিন। কি করে তা বোঝাব তোকে এতদিন পরে। পা ছড়িয়ে বসে কেঁদেছিলুম আমার সেই পুতুল ছেলেমেয়েদের শোকে। দু'চারটে অবশ্য ফেরত পেয়েছিলুম সেবারে। মা হয়তো ব্যথাটা খানিক বুঝেছিলেন। সেইগুলোই ওই পুতুল, ওদের নিয়ে খেলা আর হয়নি আমার। তেরো পুরে চোদ্দতে পা দিতেই কোলে এল তোর বড়দি । একে একে এল তোর দাদা দিদিরা। জ্যান্ত পুতুলরা এসে গেল সত্যিকারের সংসারে। ওই প্রাণহীন জড় পুতুলগুলো রয়েই গেল আলমারির কোণে। কিন্তু কি জানিস? ওই সঙ্গে রয়ে গেল গারো বছরের সেই কান্ডজ্ঞানহীন মেয়েটার পুতুলখেলার সাধ। ওগুলোকে ফেলে দিলে যে সেই অপূর্ণ সাধটাকেও ফেলে দেওয়া হবে, আর চিরদিনের মত হারিয়ে যাবে সেই বারো বছরের ছোট্ট অবুঝ মনটা। " [মুখে শোনা স্মৃতিচারণা অবলম্বনে]

----- XX -----

তবে কেন মিছে ভালবাসা

ঝর্ণা চট্টোপাধ্যায়

চার মাস জাহাজের আশ্রয়ে ভেসে বিশ্ব-ভ্রমণের মধ্যে স্বাভাবিক ভাবেই অনেকটা সময় কেটেছে বিশাল প্রশান্ত মহাসাগরে, আর বেশ কিছু দিন ভারত মহাসাগরে, এ্যাটলান্টিকেও। বিশেষ করে প্রশান্ত মহাসাগরের মাঝে ভেসে থাকবার সময় যাত্রার বিস্তারিত সংবাদ-বহ মনিটরের দিকে তাকিয়ে অথবা বাইরে তাকিয়ে মনে হোত সারা পৃথিবীতে বুঝি আমরা একা - আর কেউ কোথাও নেই - দিনের পর দিন, রাতের পর রাত জল ছাড়া কিছু চোখে পড়ে না, দ্বীপও নয়, গাছ-পালা, পাহাড়-পর্বত, কিচ্ছু না। জনবসতির তো কথাই নেই। জলের সুগভীরে তিমির মত বিশাল প্রাণী থেকে শুরু করে ছোট্ট মাছ পর্যন্ত যাই লুকোনো থাক , ওপরে প্রাণী বলতে মাঝে মাঝে শুধু রূপোলী উড়ুক্কু মাছের ঝাঁক আর ঢেউয়ের মাথায় দলবদ্ধ ডলফিনদের খুশির নাচ। তিমির লেজ বা নিঃশ্বাসের ফোয়ারাও কদাচিত। স্থল থেকে বহু দূরে সী-গাল বা শঙ্খচিলেদেরও দেখা নেই। তবে সমুদ্রের বিচিত্র রূপ দেখে মুগ্ধ-বিস্ময়ে চেয়ে থাকতাম নির্নিমেষে । ছোট ছোট ঢেউয়ের মালা বুকে নিয়ে সে কখনও শান্ত , কখনও প্রলয়ঙ্করী, কখনও মেঘের ছায়ার নীলাম্বরী অঙ্গে জড়িয়ে ঘন নীল, কখনও ডোবা প্রবালদ্বীপের ওপরে অর্ধ-চন্দ্রাকার-রেখায় ঘেরা অগভীর জলে তুঁতে থেকে সবজে নীল , কখনও বাতাসের অবিশ্রাম হাহাকারের সংগে সুর মিলিয়ে - ভয়-জাগানো উত্তাল কালচে-নীল ঢেউয়ের মাথায় শাদা ফেনার দুরন্ত উচ্ছ্বাস, আবার সূর্যাস্তের বা সূর্যোদয়ের সময়ে তার ময়ূরকণ্ঠী লাল-নীল-গোলাপী-সোনালী আঁচল-দোলানো মনমোহিনী রূপ। সূর্যের সাথে তখন যেন তার অন্তরংগ প্রেমের খেলা। রহস্যময়ী, চিরচঞ্চলা, অভিসারিনী।

অনেক রাতে নির্জন নয়- বা দশ- তলায় খোলা ডেকে গিয়ে ডেক চেয়ারে শুয়ে শুয়ে ঘন অন্ধকার আকাশে তারা দেখার শখ হোত। অত রাতে অন্যদের বিরক্ত করব না ভেবে কাউকে ডাকতে চাইতাম না। তাছাড়া যারা ঘুমোয়নি তারা তখন মুভী কিংবা চিত্তাকর্ষক সংগীত , বা অন্য কিছু দেখছে, শুনছে। জানি এখানে আমি নিরাপদ, একা গেলেও কিছু ভয় নেই। সমুদ্র-জলের ছল ছল শব্দ ভেসে আসত, নীচে আটতলার ডেকে একটা ছোটখাট সুইমিং পুলেও তার মতই ক্ষুদ্রাকারে ঢেউএর কলতান, যেন সাগরের প্রতিনিধি। ওই সময়ে পুলে কেউ নেই, বারও বন্ধ হয়ে গেছে। শুধু দু-একটা

আলো। বেশ শান্তিময় পরিবেশ। আটতলা থেকে সিঁড়ি বেয়ে ন-তলা বা দশ তলায় যাওয়া যায়, আবার এলিভেটরেও ওঠা যায় অন্য দিক থেকে।

ঐ রকম শুয়ে শুয়ে একদিন লক্ষ্য করলাম দূরে অন্ধকার কোণে রেলিং এর ধার ঘেঁসে কেউ একজন দাঁড়িয়ে । একটু ভয় হোল - কে জানে কে আবার এই সময়ে কি মতলবে এসেছে, কেন-ই বা দাঁড়িয়ে আছে চুপ করে। ভাল করে চেয়ে দেখলাম, মনে হোল একটি মেয়ে, অল্প বয়েস, বোধ হয় ইউনিফর্ম পরা। খুব সম্ভবতঃ রেস্টোর‍্যান্টে কাজ করে, অতিথিদের খাবার-পানীয় পরিবেশন করে, তাদের যত্ন করে। একবার মনে হোল ডেকে কথা বলি, আবার ভাবলাম, বেচারী সমস্ত দিন খেটে-খুটে একটু বিশ্রামের আশায় নিরালায় এসেছে , থাক, ওকে আর এখন ডাকব না। আধঘণ্টা খানেক শুয়ে রইলাম, আকাশের দিয়ে চেয়ে। ওই তো চিরপরিচিত কালপুরুষ , প্রায় মাথার ওপরে। আরও শত সহস্র ঝিকমিকে হীরে-মাণিক তারা, শহরের আলোক-দূষণে এত তারা তো দেখতে পাই না। এই বিশাল বিশ্বের মাঝে আমরা কতটুকু, এই সব ভাবছিলাম শুয়ে শুয়ে। তার পরে উঠে চলে আসার সময়ে আবার সেই কোণে তাকিয়ে দেখলাম, মেয়েটিকে আর দেখতে পেলাম না, কখন নিঃশব্দে চলে গেছে সে। মনে হোল খুব হাল্কা একটু ফুলের সুগন্ধ রয়ে গেছে তার পিছনে।

এর পরে বেশ কিছুদিন রাত্রিবেলা যাওয়ার সুযোগ হয়নি ওপরের খোলা ডেকে । বন্দরে জাহাজ থামলে আমরা যাত্রীরা স্কুল-থেকে ছুটি পাওয়া ছেলেমেয়েদের মত সাগ্রহে বেরিয়ে পড়ি । কাঁধে জলের বোতলসহ ঝোলা আর ইন্টারনেটে সবার সাথে যোগাযোগ করার জন্য আই-প্যাড বা ফোন, হাতে ক্যামেরা, মাথায় রোদের তাপ থেকে বাঁচার আশায় হালকা সূতোর টুপি। সারাদিন নতুন নতুন শহরে-গ্রামে, দ্বীপে-অন্তরীপে, সাগর-বেলায় অথবা বনে-উপবনে অজানাকে জানার নেশায় আর সৌন্দর্য-পিপাসায় ঘুরে ঘুরে দিনের শেষে ক্লান্ত শরীর আর পূর্ণ মনে জাহাজে ফিরি , স্নান-খাওয়া সেরে একটি বই হাতে নিয়ে শুতে চলে যাই। ঠিক বালিশের কাছে আলো জ্বালানো-নেভানোর সুইচটা তখন খুব ভাল লাগে। অথবা কোনও কোনও দিন খুব ভাল গান -বাজনার প্রোগ্রাম থাকলে তাই দেখতে অডিটরিয়ামে চলে যাই কিছুক্ষণের জন্য। খুব ঘুম পেলে ঘরে ফিরি।

কিন্তু আবার একদিন মনে হোল একটু যাই ওপরে । তিথিটা বোধহয় অমাবস্যা ছিল, তাই মনে হোল আজ আরও বেশি তারা দেখতে পাব। অর্থাৎ চাঁদের আলো এসে তারার স্নিগ্ধ দ্যুতি ম্লান করে দেবে না। সেদিন ওপরে গিয়ে দেখি সত্যিই খুব অন্ধকার চারিদিকে। গা ছমছম করতে লাগল। জোর করে সাহস আনলাম মনে - কি আর হবে এখানে? একটু ক্ষণ থেকে ঘরে ফিরে যাব। প্রথমে মনে হোল আমি একাই। কিন্তু একটু পরে চোখে অন্ধকার সয়ে গেলে দেখলাম সেই মেয়েটি সেদিনও চুপ করে দাঁড়িয়ে আছে রেলিং ধরে, বাইরে সমুদ্রের দিকে তাকিয়ে। সেই চেনা ফুলের মৃদু সুবাস। একা থাকতে ভাল লাগছিল না, তাই এক-পা দু-পা করে এগিয়ে গেলাম সেই দিকে। হঠাত মেয়েটি যেন চমকে উঠল, মুখ ফেরাতে দেখলাম তার দু চোখ উপচে নেমেছে জলের ধারা। ওর আরও কাছে এগিয়ে যাব-কি-যাব-না ভাবতে ভাবতেই একটু শব্দ হোল পিছনে , খোলা সিঁড়ি দিয়ে কেউ যেন ওপরে উঠে আসছে। আমি সেদিকে একবার তাকিয়ে আবার রেলিং-এর দিকে ফিরে তাকালাম - কিন্তু সেই এক মুহূর্তের মধ্যে মেয়েটি কোথায় মিলিয়ে গেছে , একেবারে অদৃশ্য। সিঁড়ি বা এলিভেটরের দিকে তো তাকে যেতে দেখিনি! তাহলে গেল কোথায়? হতবাক হয়ে কি করব ভাবছি, এর মধ্যেই জাহাজের ইউনিফর্ম-পরা একজন কর্মচারী নীচে থেকে ওপরের ডেকে উঠে এলেন, কোন কাজে। আমাকে দেখে একটু অবাক হয়ে জিজ্ঞেস করলেন "ম্যা'ম, আপনি এখানে, এত রাতে?" আমি সে কথার উত্তর না দিয়ে উত্তেজিত হয়ে রেলিং এর দিকে ছুটতে ছুটতে বললাম , "ঐ যে, একটি মেয়ে, এখানে একা দাঁড়িয়ে ছিল - হঠাত কোথায় চলে গেল, পড়ে যায়নি তো? আমি তো কিচ্ছু বুঝতে পারছি না - এখন কি হবে?" ভদ্রলোক এগিয়ে গেলেন আমি যেখানে দেখালাম সেই দিকে। কিন্তু কারও কোনও চিহ্ন নেই - সমুদ্রও ঠিক যেমন ছিল তেমনি শান্তভাবে ঘুমপাড়ানি গান গেয়ে চলেছে। ভদ্রলোক একটুক্ষণ আমার মুখের দিকে তাকিয়ে বললেন "ম্যা'ম, আপনি বোধহয়

ঘুমিয়ে পড়েছিলেন , হয়তো স্বপ্ন দেখেছেন। তবু আমি একবার ভাল করে সার্চ লাইট দিয়ে দেখছি । আর তেমন দরকার মনে হলে এমারজেন্সী ব্যবস্থা যা করার তা করব। আপনি আপনার ঘরে ফিরে যান, বিশ্রাম করুন। চিন্তা করবেন না।" উপায়ান্তর না দেখে আমি চলে এলাম, কিন্তু ভাল করে ঘুমোতে পারলাম না। সত্যিই কি আমি স্বপ্ন দেখেছিলাম? তাহলে আগের দিনও তাই? দু দিন কি করে একই রকম স্বপ্ন দেখলাম?

পরের দিন ব্রেকফাস্ট খেতে গিয়ে আমি রেস্টোর‍্যান্টের পরিষেবিকা একটি মেয়েকে জিজ্ঞেস করলাম "তোমাদের মধ্যে কেউ কি ওপরের ডেকে রাতের দিকে যাও?" প্রশ্ণ শুনে ও কেমন করে যেন তাকিয়ে রইল আমার দিকে। উত্তর দিল না। পরে আমি ওদের একজন বয়স্ক সুপারভাইজারকে দেখতে পেয়ে তাকে আগের রাত্রের ঘটনা বলে জিজ্ঞেস করলাম "তুমি কি জানো, কাল রাত্রে একটি মেয়েকে খুঁজে পাওয়া গেছে কিনা ওপরের ওই খোলা ডেকে ?" ভদ্রলোক আমাকে খুব মৃদুস্বরে বললেন "ম্যা'ম, একটু ঐদিকে গিয়ে বসবেন চলুন , বলছি।"

শুনলাম। দীর্ঘ, চিরন্তন করুণ কাহিনী - এখানে একটু সংক্ষেপেই বলছি। এই জাহাজের কাফেটারিয়া-জাতীয় রেস্টোর‍্যান্টে অনেক ইন্দোনেশিয়ান অল্পবয়সী ছেলে-মেয়ে কাজ করে। তাদের অতিথিসেবার তুলনা নেই । সদা হাসি মুখ, মিষ্টি ব্যবহার, অক্লান্ত, অভ্রান্ত পরিষেবা। আমি নিজের চা-টুকু নিজে বানিয়ে আনলেও তাদের অনুযোগ শুনতে হয়, "মামা ঝর্ণা, বলোই না ঠিক কেমন চা তোমার পছন্দ, আমি ঠিক তেমনি করে তোমায় বানিয়ে এনে দেব।" আর এরা সবাই সাধারণতঃ দেখতেও সুন্দর । বিশেষতঃ মেয়েগুলি দেখতে ভারী মিষ্টি, কমনীয় লাবণ্যে ভরা।

বছর কয়েক আগে এই রকম একটি মেয়ে কাজ করত এখানে, আর স্বভাবতঃই তার গুণগ্রাহীর অভাব ছিল না। জাহাজের একজন উচ্চপদস্থ, সুদর্শন, মাঝবয়সী কর্মচারীও তার মধ্যে একজন। তিনি প্রায় এক বছরের জন্য এই জাহাজে একজন অফিসার হয়ে এসেছিলেন। সন্ধ্যে বেলায় তিনি এসে সব সময়ে সেই মেয়েটির দায়িত্বের এলাকাটিতেই ডিনার খেতেন, আর যতক্ষণ থাকতেন ততক্ষণ ওর দিকে তাকিয়ে থাকতেন। মুগ্ধ দৃষ্টির অনিবার্য আকর্ষণে তার পরে একটু একটু করে আলাপ হোল দু' জনের। জাহাজ যেদিন যেদিন বন্দরে সারা রাত্রির জন্য থামত, সেই সব সন্ধ্যায় ওর কাজ থেকে ছুটির জন্য অপেক্ষা করে থাকতেন তিনি , তার পর ওকে নিয়ে যেতেন সেই সব শহরে বা গ্রামে বেড়াতে, আর একসাথে বাইরে কোথাও ডিনার খেতে। এর ফলে অন্তরঙ্গতা দ্রুত গতিতে এগিয়ে গেল। তিনি হেসে ঠাট্টার ছলে সবাইকে বলতেন "ও আমার গার্ল ফ্রেন্ড"। আর মেয়েটি ওর বন্ধুদের কাছে চুপি চুপি বলত "আমি ওর প্রেমে পড়ে গেছি। ওকে ছেড়ে আমি থাকতে পারব না। ও বলেছে আমাকে জানাবে বাড়ি ফিরে গিয়ে, এর পরে কি করে আবার দেখা হবে, কি করে সারা জীবন আমরা একসাথে থাকতে পারব।"

তার কিছুদিন পরে কাছে এল ভদ্রলোকের বিদায় নেবার পালা । তাঁর কন্ট্রাক্ট শেষ হবে দু-এক সপ্তাহের মধ্যে। উনি নেমে যাবেন এর পরের বন্দরে, তাঁর পূর্ব জীবনে। কিন্তু যাবার আগে করুণ মুখে তিনি মেয়েটিকে জানালেন যে উনি অন্য রকম ভেবেছিলেন, এখন বুঝতে পারছেন সে-ভাবা নিতান্তই দিবা-স্বপ্ন। ওঁকে ফিরে যেতে হবে স্ত্রী-পুত্র-কণ্যা নিয়ে তাঁর ভরা সংসারে। সেখানে ঐ মেয়েটির কোনও স্থান নেই। কিন্তু তিনি ওকে কোনদিন ভুলতে পারবেন না। তাই সে যেন তাঁকে তাঁর ভুলের জন্য ক্ষমা করে দেয়।

তার পর? তার আর পর নেই। একদিন রাতে তার কাজ শেষ হবার পরে তাকে আর খুঁজে পাওয়া যায়নি । সবাই সন্দেহ করে যে সেই অমাবস্যার রাতের গভীর অন্ধকারে মেয়েটি উত্তাল সমুদ্রে ঝাঁপ দেয় । তার অনুপস্থিতি জানাজানি হতে যতখানি সময় লেগেছিল ততখানি সময়ে জাহাজ চলে এসেছে অনেক দূর, তবুও নানা ভাবে খোঁজাখুঁজি হয়েছিল - কোস্ট গার্ডদের খবর পাঠিয়ে ব্যবস্থা করে ডুবুরী থেকে শুরু করে হেলিকপটার , স্টীমার, ছোট নৌকো নিয়ে - রেসকিউ অথবা রিকভারি, কিন্তু সবই নিস্ফল হয়েছিল। অসীম অভিমান বুকে নিয়ে অসীম সমুদ্রের অতল গভীরে সে আশ্রয় নিয়েছে।

শুধু কখনও কখনও ক্বচিত কোনও অন্ধকার রাতে , বিশেষতঃ অমাবস্যা তিথিতে কেউ কেউ ওকে এখনও দেখতে পায় ওপরের খোলা ডেকের রেলিং ধরে দাঁড়িয়ে থাকতে, আর নিঃশব্দে চোখের জল ফেলতে। ও, হ্যাঁ - মেয়েটি নাকি রজনীগন্ধা ফুল খুব ভালবাসত , ঐ গন্ধের একটা পারফিউম ব্যবহার করত জাহাজ থেকে বাইরে বেড়াতে যাবার সময়। আর ঐ দামী পারফিউমটি ছিল সেই প্রেমমুগ্ধ ভদ্রলোকের উপহার ।

----- XX -----

বাস্তু-সাপ

মদনমোহন ঘোষ

সেদিন ছিল রবিবার। শীত প্রায় শেষ হয়ে এসেছে। আমাদের বাড়ির পাঁচিলের এককোণে হুমড়ি খেয়ে পড়া পুরানো বিশালাকার কাঁঠাল গাছটাতে আবার পাতা গজাতে শুরু করেছে। সদর দরজা দিয়ে বেরিয়ে সুপারি বাগানের ভেতর দিয়ে বড়জোর দুশো মিটার গেলেই সুভাষদের বাড়ি। জমিদারবাড়ির এই অংশটাকে পশ্চিমের-বাড়িও বলা হয়। অন্য অংশটাকে পূবের-বাড়ি বলে। দুই বাড়ির মাঝে পূজোর দালান। পুরানো বাড়ির বাইরের দিকের প্লাস্টার খসে গিয়ে ইট বেরিয়ে এসেছে। সুপারি পাতার খোলের উপর ভাইকে বসিয়ে টানতে টানতে ওদের বাড়ির দিকেই এগুচ্ছি। সুপারি বাগানে কখনও সখনও হেলে সাপ ব্যাঙ তাড়িয়ে খায়। আবার কখনও বা বিষধর সাপের দর্শন মেলে। পাশেই বাঁদিকে পূবের বাড়ির সংলগ্ন একটা পড়ো ঘর বছরের পর বছর তালা বন্ধ পড়ে আছে। ঐ অন্ধকার ঘরে কত যে চামচিকে আর সাপ আছে কে জানে। সবমিলিয়ে কেমন গা ছমছমে ভাব। বাগান পেরিয়ে আসতেই দেখলাম পশ্চিম-বাড়ির সামনে একদল লোক ভিড় করেছে। ভিড় ঠেলে এগিয়ে যেতেই ঘটনাটা জানতে পারলাম।

দোতলা বাড়ির নিচের তলায় সিঁড়ির নিচে ঘুলঘুলির পাশ দিয়ে সুভাসের কাকিমা কলঘরে যাচ্ছিলেন। হঠাৎ একটা শব্দে কাকিমা ঘুলঘুলির নিচে তাকালেন। তারপর যা দেখলেন তা নিয়েই এই গল্প। তবে গল্প হলেও ঘটনাটা সত্যি। অন্ধকারে ভালো দেখা যাচ্ছে না তবে ফোঁস ফোঁস শব্দে ওটা যে সাপ সে নিয়ে কোন সন্দেহ নেই। ভুলু-দা তাড়াতাড়ি ওপরের ঘর থেকে টর্চ-লাইটটা এনে যেমনি ফোকাস করলেন ওমনি ঘুলঘুলির ভেতরটা ঝকঝক করে উঠল। হলদে আলোর ছটায় দেওয়াল ভরে গেল। ঘুলঘুলির মধ্যে ঠাকুমার পানের ডাবর, ডাল ভাঙার যাঁতা, একটা ধামার মধ্যে কিছু ধান, তার পাশে এক কাঁদি কলা আরও কত কি। রাতে এই ঘুলির মধ্যে আরশোলার উৎপাত। আরশোলা খাওয়ার জন্য কুনোব্যাঙেরও আসাযাওয়া আছে এখানে। ঘুলঘুলির এক কোনে বিঘত খানেক ফাঁকা যায়গা। আর ঠিক ওখানেই তিনি এক হাত ফনা তুলে কুণ্ডলী পাকিয়ে বসে আছেন। ফনার দুপাশে মহাদেবের খড়মের মত চিহ্ন দেখে বোঝা যাচ্ছে এটি বিষধর গোখরো সাপ। টর্চ-লাইটের আলোয় সাপটা বোধহয় উপস্থিত কাউকেই দেখতে পাচ্ছে না। নড়াচড়া করছে না তবে মাঝে মাঝে জিভ বের করছে। কিন্তু ওখানে ওভাবে সাপটা থাকা নিরাপদ নয়, যেকোনো মুহূর্তে কাউকে কামড়ে ওর বিষ ঢেলে দিতে পারে। বাড়িসুদ্ধ সবাই সমূহ বিপদের আশঙ্কা করছে। অবশ্য ব্যাঙের খোঁজে কখনও কখনও সাত

আট হাত লম্বা দাঁড়াশ সাপও এখানে আসে। যার বিষ নেই, কাউকে কোনও দিন কামড়েছে এমন শোনা যায় না। তাই তেমন ভয় নেই। সিঁড়ির দরজা খুলে দিয়ে মেজেতে খট খট আওয়াজ করলে ব্যাঙ মুখে নিয়ে বেরিয়ে যায়। কিন্তু গোখরো সাপকে তো ছেড়ে দেওয়া যায় না। এর দংশনে মৃত্যু অনিবার্য।

ঘুলঘুলির মধ্যে স্বল্প জায়গা। লোকেরা একে একে ওখানে যাচ্ছে আর সাপ দেখে এসে বাইরে জড়ো হচ্ছে। বারান্দা পেরিয়ে বাইরের চাতাল ভরে গেছে। শুনেছি এই চাতালে জমিদারি আমলে গানের আসর বসত। সাপটাকে নিয়ে জল্পনা কল্পনার শেষ নেই। কেউ বলছে সাপটাকে এখনি মেরে ফেলা উচিৎ। আবার কেউ বলছে না না কক্ষনো নয়, ওটা বাস্তু সাপ, জমিদার পরিবারের কত জন্মের সঞ্চিত ধন রক্ষা করার জন্য কোন পূর্বসূরি সাপ হয়ে পুনর্জন্ম নিয়ে পাহারা দিচ্ছে। এই সাপ কাউকে কাটবে না। তবে গচ্ছিত সম্পত্তির ক্ষতি করলে কাউকে ছেড়ে দেবে না। এই সাপ মারলে মহা অকল্যাণ হবে। অবশ্য বেশির ভাগই সাপটাকে মেরে ফেলার পক্ষে।

কিন্তু মারে কে? যেমন অবস্থায় সাপটা আছে তাতে বল্লমের খোঁচাটা ঠিকমত ওর গায়ে বেঁধাতে না পারলে বিপদ নিশ্চিত। কিছুক্ষণ বাদে হন্তদন্ত হয়ে জমিদার পরিবারের ছোটবাবু এলেন। হাতে দোনালা বন্দুক। জমিদারি চলে গেলে ওই পরিবার তথা গ্রামের বিপদকালিন সুরক্ষার এই শেষ অস্ত্রটাকে প্রতিবছর নবীকরণ করান। ছোটবাবু আসতেই লোকজন সরে গিয়ে জায়গা করে দিল। ছোটবাবু তাঁর দুনালা বন্দুক নিয়ে সিঁড়ির দিকে এগিয়ে গেলেন। কেউ বাধা দিল না। ছোটবাবু সাপটাকে মারার সিদ্ধান্ত নিয়েছেন বলে কথা। পাঞ্জাবীর পকেট থেকে কার্তুজ বের করে বন্দুকে ভরে সিঁড়ির নিচে ঢুকলেন। গড়নে রোগা হলেও ছোটবাবু বেশ লম্বা ছিলেন। তাই সিঁড়ির নিচে সোজা হয়ে দাড়াতে পারছেন না। ভুলু-দা টর্চ-লাইট ধরলেন। বাইরে জনতা কানে আঙুল দিয়ে প্রতীক্ষা করছে। কিন্তু গুলির আওয়াজ আসছে না। একজন এসে বলল, আরে গুলি নিক্ষেপন হচ্ছেনা, বাস্তু-সাপ বলে কথা। কেউ বলল, বন্দুকটা বোধহয় খারাপ হয়ে গেছে। সেই ব্রিটিশ আমলের বন্দুক, আর কি থাকে। কিছুক্ষণ পর চেষ্টার পর ছোটবাবু বেরিয়ে এলেন। বাইরে চাতালে লোকজনকে সরিয়ে দিয়ে আকাশে গুলি নিক্ষেপন করলেন। প্রচন্ড শব্দে বাড়ি কেঁপে উঠল। না, বন্দুকটা তো ঠিক আছে। আবার ভেতরে ঢুকলেন। সাপটাকে আবার গুলির চেষ্টা করলেন। কিন্তু এবারও গুলি নিক্ষেপন হল না। বাইরে এসে তিনি দ্বিতীয়বার গুলি নিক্ষেপন করলেন। আগের বারের মত এবারও বাইরে গুলি নিক্ষেপন হল। আশ্চর্য্য, বাইরে নিক্ষেপন হচ্ছে কিন্তু যখনই সাপটার উদ্দেশ্যে করা হচ্ছে তখন আর কাজ করছে না। বাইরে নানা জল্পনা-কল্পনা শুরু হয়ে গেল।

এটা বাস্তুদেবতার সাপ। এ সাপ মারা অত সহজ নয়। বরং দুধকলা দিলে সাপটা তা খেয়ে বেরিয়ে যেত। পুরানো দিনের এমন গল্প ঠাকুমার কাছে অনেক শুনেছি। কিন্তু বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে চিন্তা ভাবনা পাল্টেছে। তাই এসব মতামত গুরুত্ব পাচ্ছে না। দেখতে দেখতে তা প্রায় দু-ঘন্টা কেটে গেছে। সাপটা ওখান থেকে নড়ছে না। একই জায়গায় বসে আছ। ক্রমে খবরটা গ্রামে ছড়িয়ে গেল। আরও আরও লোক আসতে থাকল। ভেতরের চাতাল পেরিয়ে বাড়ির সামনেও তিল ধরানোর জাগয়া নেই। ছোটবাবু আসার আগে মন্টু বল্লম আনতে গিয়েছিল। হাতে বল্লম নিয়ে মন্টুকে আসতে দেখে উপস্থিত জনতার মধ্যে একটা চাপা উত্তেজনা দেখা গেল। এবার খেলা দেখা যাবে, গল্পেও ইতি হবে। কিন্তু অস্ত্র তো এল মারে কে! কেউ এগিয়ে আসছে না। পূর্বপুরুষের সম্পত্তি রক্ষার সঙ্কল্পে দায়বদ্ধ এই সাপ, বল্লমের খোঁচা যদি প্রথম আঘাতেই ঠিকমত না লাগে সাপটাও ছেড়ে দেবেনা।

সময় যত পেরুচ্ছে উত্তেজনা আর হতাশা তত বাড়ছে। ভুলুদার হাতের লাইটে তখন টিম টিমে আলো দিচ্ছে। একজনকে নতুন ব্যাটারী আনতে পাঠানো হয়েছে। ভুলুদা লাইটটা আর ধরে রাখতে পারছে না। অন্য একজন টর্চলাইটা ধরল। সাপটাকে মারতে না পেরে ছোটবাবু ওখানে আর দাঁড়ালেন না। হনহন করে ওখান থেকে বেরিয়ে গেলেন। ভিড়ের মধ্যে হঠাৎ রুস্তমকে আসতে দেখে লোকজন মুসকিল আসানের আস্বাস পেল। প্রথমতঃ রুস্তম ধর্মে মুসলিম। শত্রু সাপ নিধনে কোন ধর্মীয় বিধি নিষেধ নেই। অন্যদিকে এ ধরনের মুশকিল আসানে রুস্তমের কোন জুড়ি নেই। জীবনের ঝুঁকি নিয়েও লড়তে পারে সে।

বল্লম নিয়ে রুস্তম এগিয়ে গেল। বল্লমটা মজবুত কিনা একবার দেখে নিল। তিন চার হাত লম্বা এই গোখরো সাপের উপর আঘাত পড়লে বল্লমের লাঠিকে সে পেঁচিয়ে ভেঙে ফেলতে পারে। টর্চ-লাইটে নতুন ব্যাটারী ভরা হল। নূফুলউদ্দিন

লাইট ধরল। নতুন আলোয় সাপটা আরও স্পষ্ট দেখা যাচ্ছে এখন। গলির ভেতরে বাকি সবাইকে সরিয়ে দেওয়া হল। রুস্তম আক্রমণ চালাল। হ্যাঁ প্রথম আঘাতেই সে সাপটাকে বিঁধে ফেলেছে। কিন্তু লড়াই চলছে। সাপটা বল্লমের ডান্ডাটাকে পেঁচিয়ে প্রতি-আক্রমণ করছে। বাইরে সবাই খবরের অপেক্ষায় পেট চেপে বসে আছে। ছপাত্ ছপাত্ শব্দ শোনা যাচ্ছে। আক্রমণ ও প্রতি আক্রমণের শব্দ অনুভব করা যাচ্ছে কিন্তু দেখা যাচ্ছে না। এ যে কত কষ্টের পাঠকেরা বুঝতে পারছেন। যদি আমার ভাই সঙ্গে না থাকতো ঠিক ফাঁক-ফোঁকর দিয়ে দেখে নিতাম। কিন্তু বেশিক্ষণ সাপটা লড়তে পারলো না। আস্তে আস্তে নিস্তেজ হয়ে পড়ল। বাস্তু রক্ষার দায়িত্ব আজ শেষ হল।

ঘুলঘুলির বাইরে অনেক লোক অপেক্ষা করছিল। সাপটাকে ঘুলঘুলির বাইয়ে আনা হল। সাপটার দেহটা তখনও অটুট আছে। বল্লমের খোঁচায় কেবল মাথাটা ছিন্ন বিচ্ছিন্ন হয়ে গেছে। পেটটা বেশ মোটা। এ নিয়েও নানা মন্তব্য শোনা যাচ্ছে। কেউ বলছে আহা রে এটা মা সাপ, পেটে কতই না ডিম আছে। সুরে সুর মিলিয়ে কেউ বলল ভালো হয়েছে এতগুলো গোখরো জন্মালে পাড়া সাবাড় করে দিত। শেষ-দেখা দেখে দূর থেকে প্রণাম জানিয়ে একে একে জনতা প্রস্থান করতে থাকল।

ক্রমে সন্ধ্যে হয়ে আসছে। এখন আর বেশি কেউ নেই ওখানে। আমিও ভাইকে বাড়িতে রেখে এসেছি। ঠিক হল সাপটার হিন্দুমতে সৎকার করা হবে। অর্থাৎ পুড়িয়ে ফেলা হবে। আমিও সৎকারের কাজে যোগ দিলাম। তা প্রায় জনা-কুড়ি হয়ে গেল। ছোটবাবুর পাঁচিলঘেরা বাগানের একদিকে একটা পুকুর আছে। এই পুকুরটায় কেউ স্নান করে না। পুকুরটার পাশ দিয়ে খাল গিয়ে নদীতে মিশেছে। বাগান থেকে কিছু কাঠ সংগ্রহ করা হল। তারপর আগুন জালিয়ে সাপটার শেষকর্ম শুরু হল। কিছুক্ষণের মধ্যে সাপটার পেট থেকে একটা বেড়ালের বাচ্চা বেরিয়ে এল। বাস্তুসাপ আর বেড়াল ছানার অন্ত্যেষ্টি একসাথে শেষ হল। আমরা স্নান করে বাড়ি ফিরলাম। পরে দেখা গেল রাণী বেড়ালের সদ্য জন্মানো চারটে ছানার একটা নিখোঁজ। রাণীকে দেখে বড্ড কষ্ট লাগল। সে ম্যাও ম্যাও করে সারা বাড়িতে খুঁজে বেড়াচ্ছে তার চতুর্থ জনকে। রাণী তখনও জানে না, সে আর নেই।

এলেম নতুন দেশে

মৈত্রেয়ী সাহা

ঝর্ণা, তোমার ধৈর্য্য অপরিসীম। ধৈর্যের অগ্নিপরীক্ষায় তুমি সসম্মানে উত্তীর্ণ হয়েছ - শেষ পর্যন্ত আমাকে দিয়ে লিখিয়ে ছাড়লে ।

আমি যে কোনও অর্থেই লেখিকা নই। "বিদেশে নিয়মো নাস্তি" এই গণ্ডীর মধ্যে পড়ে কাগজ-কলম নিয়ে বসেছি। তুমি কত ভৌগোলিক সীমা অতিক্রম করেছ - নানা দেশের কৃষ্টি, নানা ঐতিহ্যের পথে তোমার হয়েছে আনাগোনা। তাই ভাবলাম আমার নতুন দেশে আসার অভিজ্ঞতাটা তোমার সাথে ভাগ করে নেই ।

আকাশপথে যখন দেশের মাটি ছাড়লাম মনে পড়েছিল 'রক্তকরবী'র বিশু পাগলার গানের কথা

"আমার তরী ছিল চেনার কূলে

বাঁধন যে তার গেল খুলে

তারে হাওয়ায় হাওয়ায় নিয়ে গেল কোন অচেনার ধারে"

বাইরের দিকে তাকিয়ে প্রথম অসীমের সাথা হোল কোলাকুলি - "হৃদয় আমার প্রকাশ হল অনন্ত আকাশে"।

তারপর এসে পৌঁছলাম 'নতুন দেশে' "কোন অচেনার ধারে"। ভাবপ্রবণতা গেল পালিয়ে।

আমার জীবনের ২৬ বছর বয়সে এসে পৌঁছলাম মন্ট্রিয়ল শহরে। সেই রাতটা কাটাতে হবে এয়ারপোর্টের হোটেলে। সকাল ন'টায় সাসকাটুনের প্লেন। ভাবলাম যাবার আগে স্নান করে নিই। স্নানের মস্ত বড় ঘর - আর তার চার পাশের দেওয়াল আয়না দিয়ে মোড়া। যেদিকে তাকাই দেখি আমারই মুখ - শুধু আমারই মুখ, শুধু আমারই মুখ। আমার সহস্র মুখ। কি অবাস্তবতা! বুঝেও দারুণ অস্বস্তিতে দৌড়ে বেরিয়ে এলাম।

নতুন দেশে আমার এই প্রথম অভিজ্ঞতা।

ঠিক সময়ে এসে পৌঁছলাম সাসকাটুনে। এয়ার পোর্টে আমার প্রফেসর ডক্টর পেপার ও তার সাথে ছিলেন তোমাদের যদুদা। ডক্টর পেপার এসে পৌঁছে দিলেন বাড়ীতে, যার তিনতলায় ছিল আমাদের বাসস্থান। যাবার আগে ১০০ ডলার দিয়ে বললেন "যাও, কাল তোমরা দুজনে বাইরে গিয়ে একটু এনজয় করে এসো।"

এটাই কি নতুন দেশের আতিথেয়তা? এরকম তো দেখিনি বা শুনিনি কখনও!!!

রাস্তা দিয়ে গাড়ী চলছে - অথচ কোন লোকজন নেই। সুন্দর সারি সারি সব বাড়ী, ম্যানিকিওরড ফুলের বাগান - কি নিস্তব্ধতা। মনে মনে ভাবছি "একেই কি বলে twilight zone?"

তার পর দিন থেকে শুরু হোল ইউনিভার্সিটিতে যাওয়া। বাসের জন্য অপেক্ষা করছি চার মাথার মোড়ে। আমাদের দেখে অজানা, অচেনা লোক গাড়ী থামিয়ে দিয়ে আমাদের তুলে নিয়ে পৌঁছে দিল ইউনিভার্সিটিতে। এই ঘটনা প্রায়ই ঘটত। আমরা তো বিদেশী। নতুন দেশের লোকেরা কি এমনি?

ধীরে ধীরে অবাধ্য শীত এসে শুধু কাঁপনই ধরিয়ে দিল না, দিল নতুন অভিজ্ঞতা, যদিও আমি জন্মেছি শীতের দেশে - শিলং পাহাড়ে। আমলকী বনের কাঁপনের চেয়ে যে এ অনেক অন্য রকম।

বাস থেকে হেঁটে যেতে হোত কেমিস্ট্রী ডিপার্টমেন্টে। যেতে যেতে হয়ে যেতাম ভীষণ তৃষ্ণার্ত। এত ঠান্ডায় তৃষ্ণার্ত হব কেন? আমরা গরমের দেশের মানুষ - গরমে হয়ে যাই তৃষ্ণার্ত। বুঝতে সময় লাগল, -৪০ ডিগ্রী তে এ্যাটমসফিয়ারে ময়সচার কনটেন্ট কত কম। তাই এত তৃষ্ণা। এটাও একটা অভিজ্ঞতা।

কি সৌন্দর্য এই শীতের। মাউন্টেন এ্যাশের গাছে লাল ফলগুলোর ওপর বরফ পরে ঝকঝক করছে, হীরের টুকরোর মতন, আর নীচের দিকে ফলগুলো যেন চুণী দিয়ে গাঁথা। জানালা দিয়ে মুগ্ধ চোখে তাকিয়ে থাকতাম।

একদিন আমাদের প্রিয় দাদা, ডক্টর কানাই লাল মুখার্জী (বেনারসের) দরজায় ভীষণ ভাবে ধাক্কা দিয়ে বললেন "শীগগির দরজা খোল।"। দরজা খুলে দিলে ভেতরে এসে বললেন - "ধুতি-পাঞ্জাবী পরে রবীন্দ্রজয়ন্তীর অনুষ্ঠানে যাব"। রাস্তায় বের হতেই আমাকে দেখে দুটি কুকুর তাড়া করেছে। বেচারা কুকুরও বিদেশীদের তাদের বেশে দেখে নি। "এলেম নতুন দেশে""।

সব অভিজ্ঞতার মাঝে যেটা স্পর্শ করেছিল সব চেয়ে বেশি - পশ্চিম ক্যানাডার লোকেদের আতিথয়তা, আন্তরিকতা ও ভালবাসা। ক্রীসমাসের দিনে আমরা একা বাড়ীতে থাকব এ ছিল তাঁদের কল্পনার অতীত। অধ্যাপকরা ছিলেন আমাদের নিকটভম আত্মীয়। [প্রায় ৫৭ বছর আগের অভিজ্ঞতা]

তবু কেন অলক্ষিত শক্তি টেনে নিয়ে যায় "নিজের দেশের" দিকে? বারে বারে ফিরে যেতে চায় মন সেখানে। তাই সুযোগ পেলেই যাই "পুরোন দেশে" - কলকাতায়।

এবার ২০১৬ সালে যখন গেলাম কলকাতায়, কিন্তু মনে হোল "এলেম নতুন দেশে"। চারদিকে হাই রাইজ, কোন রান্না ঘরে হয় না শুক্তো, মরিচ ঝোল বা ধোঁকার ডালনা। সবাই স্যুপ, প্যাস্টা বা পিটজার অনুরাগী। বাইরের রেস্টুরেন্টে ফিউশন ফুড। সেলাম তোমায় ভজহরি মান্না, তোমার দোকানে গিয়ে পেলাম অপূর্ব ধোঁকার ডালনা , খেয়ে ধন্য হলাম। নতুন প্রজন্ম কথা বলে হিন্দী বা ইংরেজীতে । ক্ষতি নেই তাতে - হিন্দী রাষ্ট্রভাষা, আর ইংরেজী আন্তর্জাতিক ভাষা। শুধু ভয় হয় বাংলাটা না হয়ে যায় এক্সটিংক্ট। তাহলে কোথায় যাবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, বা সুনীল গঙ্গোপাধ্যায়- শক্তি চট্টোপাধ্যায় বা জয় গোস্বামী? বিবর্তন? হয়তো বা - না, নিশ্চয়ই। আর আমরা বিবর্তনের ঘূর্ণিপাকে তলিয়ে যাওয়া পুরোনো জেনারে শন। দুঃখ করে বলি "পুরানো জানিয়া চেয়ো না আমারে আধেক আঁখির কোণে "।

বিবর্তন যে নানা দিকে। রবীন্দ্রসঙ্গীতে ফিউশন, যদিও কবি বলেছিলেন (পঙ্কজ মল্লিককে) "আমার গানের ওপর স্টীম রোলার চালিয়ো না"। মেলডির বদলে রকিং, গ্লোবাল ফিউশনের ধাক্কায় আসল রূপ লজ্জা পেয়ে লুকিয়ে র ইল আধুনিকতার আড়ালে । হয়তো এটাই নিয়ম। একদিন আমাদের শর্মিলা বলেছিল "রবিঠাকুরের গানের সুর যদি বদললাতে চাও, তাহলে নিজেরা লিরিক লিখে সুর দাও।" কথাটা লেগেছিল ভাল ।

তারপর? যেটার সাথে কিছুতেই কম্প্রোমাইজ করতে পারলাম না বা যেটা র‍্যা শনালাইজ করতে পারলাম না সেটা হোল যখন দেখলাম ২৪/২৫ বছরের মেয়েরা হাওড়া স্টেশনে শর্টস পরে ঘুরে বেড়াচ্ছে । জবাব নেই। জয় হোক তোমাদের। জয় হোক তোমাদের বিবর্তনের । এ দেশ *আমার* কলকাতা নয়। মনে হোল আবার "এলেম নতুন দেশে"। ৬০ বছর আগের কলকাতা ছিল আমার দেশ।

ঝর্ণা, যদি সমালোচনার সম্মুখীন হও, তবে সম্পাদিকা হিসাবে সেটা তোমার দায়। ভাবনাটা আমার, মূল্যটা তোমার।

পিপীলিকা

বেণু নন্দী

জবরদস্ত তাগাদা এসেছে শারদীয়া লিপিকার পূজাসংখ্যায় লেখা দিতে। কিন্তু কি লিখব? লেখার সব বিষয় ফুরিয়ে গেছে যে! এ বছর যেন লেখার সব বিষয় গুলিয়ে যাচ্ছে।

দলে দলে পিঁপড়ে বাইরে থেকে লিভিংরুমটায় এসে জড়ো হচ্ছে - কে যেন আমায় বলেছিল পিঁপড়ে দেখলেই তার গায়ে উইন্ডেক্স ছিটিয়ে দিলে তৎক্ষণাৎ পিঁপড়ে মরে যাবে। দেখলাম সত্যিই তাই। এভাবে তো পিঁপড়ে মারা গেল - কিন্তু নিজের মনের মধ্যে কি যেন খচখচ করতে লাগল - এতগুলো প্রাণীহত্যা করলাম? না হয় ওরা লিভিংরুমে ঘুরেই বেড়াতো! বাইরের ডেকটার সিঁড়িগুলো নেবে গিয়েই ওখানটায় পিঁপড়ের একটা ঢিপি রয়েছে বহুদিন সেখান থেকেই সেগুলো বেরুচ্ছে আর আমার লিভিংরুমটায় জড়ো হচ্ছে। তোমরা আমাকে একটু পরামর্শ দাও তো কি করা যায়? কথায় আছে "পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে"। সত্যিই কি তাই?

----- XX -----

গতি আর বেগতি গল্পের সংকলন

আদিত্য চক্রবর্ত্তী

সারা পৃথিবীটাই কেমন যেন ছড়িয়ে পড়েছে। স্বামী চীনদেশে তো স্ত্রী ব্রাজিলে। এক ছেলে হনলুলুতে আছে তো অন্য ছেলে জেলে। এক মেয়ে কন্যাকুমারী তো আরেক মেয়ে রান্নাঘরে। কি ঝামেলা কাউকেই একসঙ্গে পাওয়া যায় না কখনও। বাবা-মাদের কথা আর নাই বা বললাম - দুই সেট মা-বাবা কতদিকে যে ছড়িয়ে আছেন - কে জানে! এই ছাড়াছাড়ির - যুগে কে যে কার তা বুঝতেও সময় লাগে।

যাই হোক -- এই ছড়িয়ে-ছিটিয়ের জগতে - আমার এই কথার তালগোলে সব যে গন্ডগোল হয়ে যাবে - সেটা তো বোঝাই যাচ্ছে। এরই মধ্যে আপনি যেমন টেররিজম্ এর লোমহর্ষক ঘটনা পাবেন - আবার হাতে গড়া রুটি না খাবার দরুণ নির্মম পরিণতির আভাসও পাবেন। অতএব আমার সঙ্গে থাকুন কিছুক্ষণ।

দাঁত দিয়েই শুরু করা যাক। সেই এক ভদ্রলোক দাঁতের ডাক্তারের কাছে গিয়েছেন কাঁদতে কাঁদতে - দাঁতে প্রচন্ড ব্যথা - খাওয়া ঘুম সব বাদ। ডাক্তার দেখে টেখে বললেন - আপনার চারটে দাঁত তো একেবারে গুঁড়ো হয়ে গিয়েছে। কি করে করলেন এই অসাধারণ কাজ? ভদ্রলোক কেঁদে বললেন - আজ্ঞে ডাক্তারমশাই, আমার বউ বাড়িতে রুটি বানিয়েছিল। সেটা প্রচন্ড শক্ত। সেটা খেতে গিয়েই তো এই অবস্থা। তবে তো সে ক্ষেত্রে আপনার সে রুটি খাওয়াই উচিৎ হয়নি। খাবেন না বললেন না কেন আপনার স্ত্রীকে? বলে ডাক্তারবাবুটি যেন একটু হাসলেন। তাই তো বলেছিলাম ডাক্তারবাবু আর তারই এই পরিণতি। একেবারে হামান-দিস্তে দিয়ে------- । আর এতক্ষণেই ডাক্তারবাবুর হাসির হদিস মিলল।

বউ যদি সাংঘাতিক হয়, দাঁত তো গুঁড়ো হতেই পারে। দেখলেন তো রুটি না খাওয়ার ফল। এর জের টেনে প্রাণ যাওয়াও মোটেই আশ্চর্য্যের কথা নয়। সেই ঘটনাও বলে ফেলি তাহলে। এই ঘটনা শুনে ভেবে দেখুন আবার - বিয়ে না করে থাকলে বিয়ে করবেন কিনা - আর করে থাকলে যঃ পলায়তি করবেন নাকি। ভুরু কুঁচকে ভালোভাবেই চিন্তা করুন - মারাত্মক ব্যাপার-স্যাপার!

একদিন সকাল বেলায় থানার দারোগাসাহেব ফোন পেলেন। ওপাশে খুবই উত্তেজিত সিপাহী মশাই। হুজুর, মারাত্মক ঘটনা হুজুর, আমি যে পাড়ায় টহল দিচ্ছি সেখানে একজন বউ তার স্বামীকে গুলি করে খুন করেছে। দারোগাসাহেব শান্ত গলায় বললেন - তাহলে তুমি সেই খুনী ভদ্রমহিলাকে হাতকড়া পরিয়েছ তো? কেন খুন করেছে জান? - না হুজুর হাতকড়া পরাতে আমি পারবনা। মহিলাটি ঘর মোছার পর ওনার স্বামী জুতো পায়ে দিয়ে ভেজা মেঝেতে হেঁটে হেঁটে বাথরুম থেকে বেরিয়েছিলেন - আর ব্যাস - ধাঁ করে গুলি চালিয়েছে গিন্নি। তা তুমি খুনীকে গ্রেফতার করছ না কেন? জবাব শুনে অতিশয় চমৎকৃত দারোগাসাহেব - না হুজুর কাছে গিয়ে হাতকড়া পরাতে পারবনা - ঘরের মেঝে এখনও শুকোয়নি। তারপর কি হলো তা অবশ্য জানা নেই।

এতক্ষণ তো এদিক-ওদিক করেই কাটল। এইবার আসা যাক্ সেই লোমহর্ষক টেররিস্টের কান্ডকারখানাতে - যা কিনা একেবারে আমার এই চক্ষুযুগলের সামনেই ঘটে গেল। কাউকেই বলিনি এতদিন - কে জানে কার মনে কি আছে? এই সেদিন সকালবেলায় সূর্য্যদেব সবেমাত্র আড়মোড়া দিয়ে ঘুম থেকে উঠেছেন কি উঠবো উঠবো করছেন। আমি সবে নিতান্ত অনিচ্ছায় নদীর ধারে গিয়েছি প্রাতঃভ্রমণের উদ্দেশ্যে। গিয়ে দেখি সেখানে সেদিন আবার এক চ্যারিটি পিকনিক

ও হচ্ছে। তবু ভালো কিছু খাওয়া-দাওয়া জুটবে। আর কে না জানে খাওয়ার নামেই আমার মন কত খুশী হয়। এই একটা ব্যাপারে আমার কোন আলস্য নেই - নারাজকতা নেই- বরঞ্চ খুবই আগ্রহ। চক্রবর্ত্তীদের সবই খুব ভালো বাদে এই পেটুকত্ব।

দেখেছেন তো - আমার এই টেররিজম এর গল্প বলতে গিয়ে খাদ্যদ্রব্যের ব্যাপার চলে এলেই বিপদ - বিরাট চক্রান্ত! আমার গুরু শিবরাম চকরবরতীর ভাইকে গোল্লায় পাঠাবার গল্প নিশ্চয়ই মনে আছে আপনাদের। না মনে থাকলে বলবেন - কোন এক দিন সেটার ব্যাখ্যান করা যাবে না হয়। যাক্ ফিরে আসি সেই টেররিজমের ঘটনায়!

সেই কাকডাকা সকালে নদীর ধারে পার্কে গিয়ে দেখি হইহই ব্যাপার। এক সিপাহীজী এক ছোটখাটো ভদ্রমহিলার সঙ্গে প্রচন্ড বচসায় রত। কি হলো দারোগাসাহেব - জিজ্ঞেস করলাম। সেই ভদ্রমহিলা গাড়ি চালাচ্ছিলেন। ড্রাইভারের সিটে আবার পেল্লায় উঁচু এক বালিশ। দেখলাম দারোগাসাহেব বলাতে সেই সিপাহীজী আমার প্রতি বেশ সদয়। হাসি হাসি মুখ। আওর কহিবেন না হুজুর - এহী দেবীজী - গাড়ি চালাতা হ্যায় - আওর যাঁহাসে লোকজন পয়দল যাতা হ্যায় - উঁহা পর এহী পিল্লায় মোটরবা কো চঢ়াই দিয়া। দেখিয়ে কিয়া আক্কেল হ্যায়! হমকো লগতা হ্যায় এ দেবীজী চক্রান্তকারী গিরহ কা পুতলীবাই হ্যায়। পগদন্ডীপর চলনেবালোঁ কো দবাকে কুচলনেকা মতলব কিয়া হ্যায়। হম ইসকো হথকড়ী পহনাকে থানামে লে জায়েগা- থানেদার জরুর বহুত খুশ হোকর হমকো সিপাহী সে কনিসটিবল্ বনা দেগা। এই সব যখন খুব জোরে জোরে সিপাহী বলছে তার মধ্যে আমাদের দেবীজী বলার চেষ্টা করলেন - আমি তো এসব কান্ড করনে নেহী আয়া। আমার তো ওই সব টেররিজমের কথা ভাবলেই আক্কেল গুড়ুম হো যাতা হ্যায়। হম তো - হম তো ইধর আতা পিকনিক্ মে ইডলী খানে কো! কিঁউ ঝামেলা করতা হ্যায় সিপাহী সাহেব!

এই কথা শুনেই তো আমাদের 'দারোগা সাহেব' তেলে বেগুনে জ্বলে উঠল। দেখা - দেখা- হমকো ফির সিপাহী বোলতা। আউর তুম কি করকে পুরা ইটালী দেশ কে খা যায়গা? তুম তো সচমুচ্ বহুত বড়া চক্রান্তকারী হ্যায়। তুমকো পকড়ে গা তো হম জরুর দারোগা বন্ যায়গা। বলে আমার দিকে হাসিমুখে বিজয়গর্বে তাকাল। শুনে তো আমি তাজ্জব। আর দেবীজী তখনও বলবার চেষ্টা করছে - এখন কি করি বলুন তো - এই বেপথ থেকে ঠিক পথে গাড়ী কে নিই কি ভাবে - এই সরু রাস্তায় reverse করা তো মুশকিল। আমি তো কিংকর্তব্যবিমূঢ় - আরে আগে তো এই আসন্ন হাতকড়া থেকে রক্ষা পান, তারপর অন্য কথা। আমি দারোগা সাহেবকে বললাম - আরে আরে দারোগাজী - এ মেমসাব ইটালীকো নহী খানা চাহতী - এ তো ইডলী খানেকে লিয়ে ইধর আয়ী হ্যায়। -- ওহ অব সমঝা - এ মেমসাব চক্রান্তকারী নহী হ্যায় - মগর পেটপূজা করনে কে লিয়ে - ইডলী খানে কে লিয়ে ইধর আয়া হ্যায় আউর গাড়ী উল্টা চলাকে খামোখা হমকো মুসিবতমে ডালা। আগে হমারা পরমোশন ভী গয়া। পুরা সুব ই হমারা বরবাদ হো গয়া। বলে সিপাহীজী খৈনি পিষতে পিষতে, রামা হো, রামা হো করে চলে গেল। আর 'চক্রান্তকারী' মেমসাহেবের গাড়ী স্বপথে নিয়ে আসার পর মেমসাহেব বললেন- বাব্বা কি ঝামেলাতেই না পড়া গিয়েছিল। আর আমি যেন শুনলাম উনি খুশী হয়ে বলছেন - আসিস আমার বাড়ী, ইলিশ মাছ খাওয়াব। এখনও জানিনা সেটা ঠিক শুনেছিলাম না আমার পেটুক মনের ভ্রান্তিবিলাস।

আমার কাছে শিবরাম চক্রবর্ত্তী একজন উঁচুদরের কথা এবং শব্দের খেলোয়াড়। সেই মই নিয়ে হইচই, ইতু থেকে ইত্যাদি, মক্তারামবাবু স্ট্রীটের মুক্ত আরামের অদ্ভুত শব্দ নিয়ে খেলা - না পড়লে বিশ্বাস করা যায় না।

একদিন শিবরাম চক্রবর্ত্তীকে গামছা পড়ে কুয়ো থেকে জল তুলতে দেখে এক ভদ্রমহিলা ওঁকে বললেন যে আপনি এত বড় বংশের ছেলে, আপনার বাবা এত নামী মানুষ আর এইভাবে গামছা পড়ে জল তুলছেন - আশ্চর্য! শিব্রাম বললেন - আপনি আমার বংশ, বাবা এমনকি গামছা তুলে কথা বলছেন - আশ্চর্য!

সাহিত্যিক এর কথায় মনে পড়ল বোধহয় - নাকি কোথাও পড়েছি এই ঘটনা সৈয়দ মুজতবা আলিকে নিয়ে। একবার আলি সাহেব একটা মনোহারী দোকানে গিয়ে জানতে চাইলেন তাদের কাছে ডায়মন্ড বল পয়েন্ট পেন আছে কিনা। -- তাতে দোকানদার বলল - না, নেই। সেটা শুনে মুজতবা আলী বললেন - দেখ, তুমি মোটেই ভাল সেলসম্যান নও। তোমার ক্রেতাকে এভাবে ফিরিয়ে দেওয়া ঠিক নয়। তোমার বলা উচিৎ ছিল ডায়মন্ড নেই তবে অন্য পেন আছে যেমন পাওয়ার, ব্রাইট, পারকার, সুলেখা ইত্যাদি ইত্যাদি। দোকানদারের এটা পছন্দ হলোনা তবে এর থেকে একটু শিখল বোধহয়। এবং কিছুক্ষণ পরে আরেক জন ক্রেতা এসে জানতে চাইল টয়লেট পেপার আছে কিনা। সরাসরি না বলে দোকানদার বলল - টয়লেট পেপার নেই - এই একটু আগে শেষ হয়ে গেছে। তবে আমার দোকানে শিরীষ কাগজ আছে - তাই দেব কি?

একবার এক ভদ্রমহিলা প্লেনে করে ভারত থেকে ক্যানাডায় আসছে। ক্যানাডায় নেবে স্বামীকে বিরাট আশ্চর্য নিয়ে বলল - জানো - যখন ৩৫ হাজার ফিট দিয়ে প্লেনটা আসছিল চাঁদটা কে না কি ভীষন বড় লাগছিল। কেন বলোতো বলে স্বামীর দিকে তাকাল। স্বামী চুপচাপই ছিল। তখন ভদ্রমহিলা বলল - জানি তুমি বলতে পারবে না। আমি জানি। আসলে আমরা তো চাঁদের অনেক কাছে চলে এসেছিলাম তো তাই, তাই না?

আরেকটা ঝাড়া গল্প না হয় বলা যাক্। সবই যখন এখান থেকে, ওখান থেকে যোগাড় করা।

এক খুবই বয়স্ক ভদ্রলোক - প্রায় মারা যেতে বসেছেন। তিনি তাঁর একমাত্র ছেলেকে ডেকে বললেন - হ্যাঁরে হরেন - যা তো আমাকে একজন সংস্কৃত মাষ্টারমশাই ঠিক করে দেতো। হরেন আশ্চর্য্য হয়ে জিজ্ঞেস করলো - কিন্তু বাবা, এই বয়সে তুমি এখন সংস্কৃত শিখবে? সেটা কেমন হবে? তাতে বাবা মৃদু হেসে বললেন - জানি আমি মারা গিয়ে তো স্বর্গে যাব - আর সেখানে দেবদেবীরা থাকবেন - তাঁরা তো আর আমাদের মতন বাংলা অথবা হিন্দী বলেন না - দেবভাষা তো সংস্কৃত। ওঁদের সঙ্গে কথাবার্ত্তা বলতে তো আমাকে দেবভাষা সংস্কৃত জানতে হবে!

আবার শিব্রাম আর বিষয় এবার ছোটগল্প প্রতিযোগিতা। জয়ী কে হলো আপনারাই বুঝে নিন।

কানাই এবং বলাই - রাম লক্ষ্মণ দুভাই। কানাই বিয়ে করলো। তখন বলাই বাহুল্য।

এই লেখাটিতে কিছু গল্প আমার নিজের এবং কিছু সংগৃহীত। তবে এর গতি, আকৃতি, প্রকৃতি নিজেদের ইচ্ছেমত পাল্টে নিতে পারেন।

নাগকেশরের ফুল আর একটি টিয়া

সুভাষ চন্দ্র বিশ্বাস

জানালা খুলেই চোখে পড়ে

নাগকেশরের ফুল আর একটি টিয়া।

ঘন সবুজ রঙ রক্তরাঙ্গা ঠোঁট,

অদ্ভুত বিস্ময়ে স্থির চোখ আর নাগকেশরের ফুল।
আকাশের নীল হতে অঝোরে ঝরে আবেগ বৃষ্টি,
প্রেমপাশে বাঁধা পড়ে লাল ঠোঁট আর নাগিনী ফুল।
আমার মনের জানালা খুলে গেল।
শরীরের ছোঁয়ায় কম্পন জাগে,
বীতকাম সাধুর মনও বিচলিত মেনকার মোহে।
প্রেমের সঙ্কেতে হৃদয়ে আলোড়ন,
পৃথিবীর বুক জুড়ে বিস্তারিত এক মহাকাব্য।
মনের গভীরে কোন এক গোপন কোণে
আর এক প্রেম নির্বাক নিষ্কাম তমসায় নিমগ্ন।
বহুরূপী প্রেম দেখেছি শহরের আনাচে কানাচে,
রাজপ্রাসাদে, হেমন্তে বসন্তে আর গানে গানে।
অনেক ঘুরেছি আমি মানুষের ভীড়ে,
থমকে দাঁড়িয়েছি এসে খাজুরাহের মন্দিরে।
কামুক প্রেমের ব্যঞ্জনা মূর্ত হ'য়ে আছে মন্দির গাত্রে।
ভাষ্কর্যের কারুকার্য্যে অঙ্গভঙ্গিমায় নৃত্যের ছন্দ।
হাজার দৃষ্টি লেহন করে হাজার বছর ধরে।
শ্লীলতার সীমারেখা পেরিয়ে আজও দাঁড়িয়ে উদাসীন।
নিষ্কাম মন সবার ঊর্দ্ধে ওঠে অনায়াসে,
ঈশ্বর সাধনায় সে প্রেম স্বর্গীয় সুন্দর।
টিয়াটি এখনও তাকিয়ে আছে
নাগকেশরের ফুলের দিকে,
যেন এক অস্ফুট প্রেম বিমূর্ত সবুজের পটে।
আমার মনে জাগে আর এক আবেগ।
ফুলে ভরা সকাল আর সোনালী রোদে।
অজানা সুরের আকর্ষণে অলস মেঘের মুগ্ধ প্রেমে
এক অমোঘ বন্ধনে বন্দী আমি।

রোদচশমা

অমর কুমার

আংশিক সত্য ঘটনার সঙ্গে কল্পনার কিছুটা রঙ মেশানো এই গল্পের নাম দিলাম রোদচশমা । রোদচশমা আমার মতো অনেকেই ব্যবহার করেন, পছন্দ করেন যদিও সেটা সানগ্লাস নামেই বহুল পরিচিত । কেউ কেউ কালোচশমা বলতে ভালবাসেন, রোদচশমা শব্দটা প্রায় শোনাই যায় না । না, আমি রোদচশমার আত্মকাহিনী লিখতে বা গুণাবলী আলোচনা করছি না। ইসকুলের কোন উঁচু ক্লাসের জন্য পরীক্ষাতে রোদচশমার আত্মকাহিনী লিখতে বললে আকর্ষণীয় কিছু তথ্য বা ঘটনা জানা যেতেই পারে। আমার গল্পের প্রধান চরিত্রে যিনি আছেন তাঁকে সবসময়ই রোদচশমা পড়ে থাকতে দেখা যেত, তাই তাঁর নাম হয়ে গিয়েছিল রোদচশমাবাবু। পোশাকি নাম ছিল অবশ্যই একটা, সেটা ছিল হিরণ্ময় দত্ত। প্রায় ছ'ফুট লম্বা, সৌম্য সুন্দর সুঠাম চেহারার মানুষটির মাথা-ভরতি সাদা চুল, ধোপ-দুরস্ত বেশবাস-সব মিলিয়ে নজরটানা ব্যক্তিত্ব। অনুমানে তখন বয়স ছিল সত্তর ঊর্ধ্বে । কৈশোর যৌবনে খেলাধুলো শরীরচর্চা যোগাভ্যাস ভালই করতেন বেশ বোঝা যায়।

রোদচশমাবাবুর সঙ্গে আমার কোথায় কিভাবে চেনা জানা ও পরিচয় ঘটেছিল সেই কথায় এবার আসি । ইদানীংকালে কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে বেশকিছু বৃদ্ধাশ্রম গজিয়ে উঠেছে বা উঠছে । হবে নাই বা না কেন, যে ভাবে মানুষের সংখ্যা ও আয়ু বাড়ছে, বৃদ্ধ বৃদ্ধাদের সংখ্যা সেই অনুপাতে বেড়েই চলছে। অন্য দিকে সময়ের সঙ্গে দ্রুততালে সামাজিক কাঠামো, সংসার, পরিবার, সম্পর্ক সবেরই আমূল পরিবর্তন হয়ে চলেছে সর্বত্রই। আধুনিকতার চাপে এই বৃদ্ধ বৃদ্ধারা যেন একটা সামাজিক সাংসারিক বোঝা হয়ে যাচ্ছেন ও চেনা জানা পরিচিত ভালবাসার জগতটার সঙ্গে খাপ খাওয়াতে পারছেন না। অন্য দৃষ্টিভঙ্গি থেকে দেখলে, ইহলোক-বাস আর পরলোক-বাসের মাঝখানে আলাদা একটা জগতের প্রয়োজনে বৃদ্ধাশ্রমগুলি যেন পান্থনিবাস, শান্তির জন্য নিরিবিলি বিশ্রামের জায়গা । পথিক যেমন অনেকটা পথ রৌদ্র মাথায় হেঁটে ক্লান্ত হয়ে জিরিয়ে নেয় গাছের ছায়ায়, অনেকটা সেইরকম। আবার চলতে চলতে পথিকের পিছন ফিরে চেয়ে দেখার ব্যাপারটা যেমন- কিছুটা সেইরকম। গাছ গাছালি ঘেরা জলাশয়ের ধারে ছোট ছোট এই বৃদ্ধাশ্রমগুলির নাম গুলি বেশ আকর্ষণীয় লাগে আমার কাছে, কয়েকটি যেমন - শেষের কবিতা, গোধূলি, শান্তিনিকেতন, আনন্দ আশ্রম, দিনান্তে। নামগুলি বেশ কাব্যিক, মানানসই ও যথাযথ অর্থপূর্ণ।

রোদচশমাবাবুর দেখা পেয়ে ছিলাম প্রথম 'শেষের কবিতা' বৃদ্ধাশ্রমে যেখানে আমার মেজজেঠুকে বেশ কিছুদিন থাকতে হয়েছিল। জেঠিমা আগেই গত হয়েছিলেন। নিঃসন্তান জেঠুকে দেখাশোনার কেউ ছিল না। তখন পড়াশোনা শেষ করে চাকরীতে নতুন জীবন শুরু করেছি। শনিবার অফিসের পর জেঠুর সঙ্গে দেখা করতে পৌঁছুলাম শেষের কবিতায়। গেট পেরিয়ে বেশ কিছুটা যাবার পরে কানে এলো একটা পুরুষালি সুরেলা কণ্ঠ । আরো কিছুটা এগোতেই একটা খোলা জায়গায় পলাশ, কৃষ্ণচূড়া আর রাধাচূড়া গাছের বাহার। দূর থেকে যার উপর চোখ পড়লো তাঁকে তিন দিক ঘিরে রয়েছেন জনা ২০-২৫ আশ্রমবাসী যার মধ্যে মহিলারাই বেশি। কালো মোটা ফ্রেমের রোদচশমা তাঁর চোখে যদিও সূর্যের আলো অনেকটা ম্লান। আর কারো চোখে রোদচশমা ছিল না, না থাকারই কথা। দাড়ি গোঁফ কামানো ফরসা মুখে সাদা চুলের আবরণে সেই সুদর্শন সুপুরুষটির পরনে ছিল সাদা পাজামা-পাঞ্জাবি, চোখ দুটি ছিল ঢাকা কালো রোদচশমায় ।

অস্তগামী সূর্যের শেষ আলো পড়েছিল তাঁর মুখের এক পাশে। সময়, পরিবেশ ব্যক্তিত্ব আর রোদচশার সমন্বয়ে মানুষটিকে বেশ রহস্যময় ও আকর্ষণীয় লেগেছিল আমার ঐ মুহূর্তে। তিনিই গাইছিলেন খোলা ভরাট গলায়

'জীবন যখন শুকায়ে যায়, করুণা ধারায় এসো .....'।

একটা শেষ হতেই সবার পেড়াপেড়ীতে আরও একটা গান করলেন তিনি

'চরণ ধরিতে দিওগো আমারে, নিও না নিও না সরায়ে'.....

কবিগুরুর হৃদয় ছোঁয়া সুগভীর গানের কথা, গোধূলি ক্ষণ, বার্ধক্যের চৌকাঠে পৌঁছানো সমবেত আশ্রমবাসী ও রোদচশমাবাবুর সাবলীল পরিবেশনা। মন্ত্রমুগ্ধের মতো গান শুনলাম ও আরো কতক্ষণ দাঁড়িয়ে ছিলাম জানিনা। আজ বহু বছর পরেও সেই অদ্ভুত সুন্দর মায়াবী ছবিটা এখনও ভুলতে পারিনি। আমার জেঠুও ঐ শ্রোত্রীবৃন্দের মধ্যে একজন ছিলেন। পরে জেঠুর কাছে অনেক কিছু জানতে পারি ঐ মানুষটির বিষয়ে। শেষের কবিতার অতিথিদের মধ্যে অন্যতম হিরণ্ময় দত্ত, অনেক গুণ ও ব্যক্তিত্ব সম্পন্ন মানুষ, দর্শন শাস্ত্রে ডক্টরেট ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের নামী অধ্যাপক ছিলেন। অবসর নিয়েছেন বেশ কয়েক বছর হল । কয়েকটি দেশী বিদেশী ভাষায় রপ্ত, গান বাজনা সাহিত্য শিল্পে যথেষ্ট পারদর্শী। অনেক দেশ বিদেশ ঘুরেছেন, প্রায় সব বিষয়েই উৎসাহ নিয়ে আলোচনা করতে পারেন । খুব মোহিত হয়েছিলাম সেদিন জেঠুর কাছ থেকে ভদ্রলোকের কথা শুনে, অনেকটা সম্মোহিত বলাই যেতে পারে। এত রকমের গুণ সম্পন্ন ব্যক্তিত্ব এইরকম আশ্রমবাসী হয়ে দিন কাটাচ্ছেন দেখে অবাকই লেগেছিল । আজ মনে হয় তেমনটা মনে করার কোন কারণই নেই। অন্যান্য আশ্রমবাসীদের তুলনায় ওঁকে একটু বেমানান মনে হয়েছিল, বিশেষ করে বয়স ও চেহারার মাপকাঠিতে।

পরের বার জেঠুকে দেখতে গেলাম বাইরে ঝোড়ো হাওয়ার সঙ্গে টিপ টাপ বৃষটি পড়ছিল সেদিন। শেষের কবিতার হল ঘরে সবাইকে বেশ আড্ডার মজলিসে দেখা গেল। অবশ্যই সেই হিরণ্ময় দত্তকে দেখলাম আড্ডার মধ্যমণি হিসাবে।ওনাকে ঘিরেই যেন সব কিছু। হলের মধ্যে হলেও ওনার চোখের উপর রোদচশমা সবসময়ই দেখলাম । বাইরেও পড়ন্ত ক্ষীণ আলো, কিছুটা আশ্চর্যই লেগেছিল। পিছনের চেয়ারে বসে লক্ষ্য করছিলাম ঐ ব্যক্তিত্বকে। কিছুক্ষণ চা-টা পর্বের আড্ডার পর দেখলাম সবার অনুরোধে পর পর দুটি কবিতা আবৃত্তি করলেন।একটা বিশ্বকবির লেখা, 'রুদ্র, তোমার দারুণ দীপ্তি ...', অন্যটি প্রমথনাথ বিশীর 'পৃথিবীর প্রতি সমুদ্র'। এককথায় অপূর্ব লেগেছিল ওনার আবৃত্তি। নিঃসন্দেহে স্টাইল, delivery, voice and articulation ওদিন আমাকে খুবই মুগ্ধ করেছিল। জেঠুর সঙ্গে দেখা করে বাড়ী ফেরার সময় বুঝতে পারছিলাম ঐ ভদ্রলোকের প্রতি চুম্বকের মতন একটা আকর্ষণ Grow করছে মনের মধ্যে। হয়তো বা সেই কারণে পরের কয়েকবার বেশ ঘন ঘন শেষের কবিতায় চলে গিয়েছিলাম । জেঠুর প্রতি দায়িত্বর থেকে ওনার আকর্ষণটাই হয়তো বেশী করে টানতো। অনেক সময় দেখতাম বই হাতে গাছের নীচে, কখনও জলের ধারে চিন্তামগ্ন, আবার সবাইকে নিয়ে হৈ চৈ করছেন বা আশ্রমের কাজে মেতে আছেন। যেটা আমাকে অবাক করতো সেটা হল ঐ রোদচশমা চোখের উপর সবসময় যেটা ওনার ব্যক্তিত্বকে অনেকগুণ বাড়িয়ে দিত। একদিন কৌতূহল দমন করতে না পেরে ওনার প্রসঙ্গেই আলোচনার পরিপ্রেক্ষিতে কয়েক জনের উপস্থিতিতেই জেঠুকে প্রশ্ন করে বসলাম-

'আচ্ছা জেঠু, উনি সবসময় রোদচশমা ব্যবহার কেন করেন' ?

কয়েকজন মুখ চাওয়া চাওয়ি করলেন, মুচকি হাসলেন কেউ কেউ, এদিক ওদিকে চোখ রাখলেন, কিন্তু সদুত্তর পেলাম না । মনে হল ওনাদের সবার মনেও একই অদম্য কৌতূহল। একটা জিজ্ঞাসার ছাপ যেন ওনাদের চোখে মুখে ঝুলে আছে । কেউ একজন হালকা মন্তব্য কাটলেন, 'হয়তো ওটা পরেই উনি ঘুমিয়ে পড়েন'। দিব্যেনদু কাকু বললেন, 'সত্যি রোদচশমা ছাড়া হিরণ্ময়বাবুকে কখনই দেখা যায় না', ব্যাপারটা কি'? রতনকাকু মনে পড়িয়ে দিলেন, 'কয়েকমাস

আগে উনি নাকি রোদচশমা পরেই পুকুরে দিব্যি সাঁতার কেটেছিলেন'। এক পাশে দাঁড়িয়ে শুনছিলেন প্রণববাবু, সবাইকে থামিয়ে শুনিয়ে দিলেন ,'কেন নৈশভোজের সময়ওতো উনার চোখে কালোচশমাটি থাকে। 'মাছের কাঁটা বাছেন কি ভাবে রোদচশমা চোখে ?'- কেউ টিপ্পনী কাটলেন। এই রকম আলোচনার মাঝে এসে দাঁড়ালেন পুলকজেঠু। 'একটা জিনিষ বুঝতে পারিনা, উনি তো বই পত্র পত্রিকা খুব পড়েন। কালোচশমায় অসুবিধা হয় না'? রজতবাবু মিহি গলায় বলে উঠলেন, 'তা জানিনা। তবে একবার মাস ছয়েক আগে রোদচশমাবাবুকে রহস্যর কিনারা খুঁজতে প্রশ্ন করা হয়েছিল। উনি সরাসরি হাঁ বা না উত্তর না দিয়ে মন-চোখ-আত্মা-গীতা-অন্তর্দৃষ্টি-বহির্দৃষ্টি নিয়ে গভীর দর্শনী দৃষ্টিভঙ্গির সূক্ষ্ম বিশ্লেষণে প্রায় ঘণ্টা খানেক বকক্তিতা দিয়েছিলেন। সেসব গভীর তত্যকথা আশ্রমবাসীদর মাথায় কিছুই ঢোকেনি ভস্যে ঘি ঢালার মত। সার কথায়, হিরণ্ময়বাবু প্রকারনতরে বুঝিয়ে ছিলেন যে রোদচশমার বাপারটা ওনার ব্যকতিগত ব্যাপার, কারুর মাথা ঘামিয়ে লাভ নেই।' এই প্রসঙ্গে আরো মন্তব্য ও অভিজ্ঞতার কথা বলার জন্য মুখ খোলার আগেই আমার জেঠু প্রাঞ্জল করে বোঝালেন রোদচশমার রহস্য উদঘাটনের চেষ্টাতে কোন ফল হয় নি। কাজলীমাসি বলে উঠলেন- 'বোধ হয়, হিরণ্ময়বাবু রোদচশমা চোখেই জন্মে ছিলেন'। হো- হো, হি- হির একটা হাসির ফোয়ারা ছুটলো এদিক থেকে ওদিক। কৌতুহলী আশ্রমবাসীরা উপভোগ করলেন অনেকেই। সান্ধ্যভোজের ঘণ্টা বাজতেই সবাই চলে গেলেন। আমিও বিদায় নিলাম রোদচশমার রহস্যের কথা ভাবতে ভাবতে।

বছর কয়েক এই ভাবে কাটলো। রোদচশমাবাবুর সঙ্গে সাক্ষাত আলাপ পরিচয় হয়েছে জেঠুর মাধ্যমে। সাহস হয়নি রোদচশমার রহস্যের কথা জানতে। তবে সবসময়ই ওনার কথাবার্তা, সান্নিধ্য উপভোগ করেছি। প্রকৃতই ওনার জ্ঞান বুদ্ধি বিশ্লেষণ তর্ক-বিতর্ক পরিবেশন ক্ষমতা যে কোন বিষয়ে যথেষ্ট উচ্চ মানের। এরপর বছর দুয়েক অফিসের কাজে ইউরোপের কয়েকটা শহরে ভীষণ ব্যস্ততার মধ্যে কেটে গেল।ফিরে এসেও জেঠু ও শেষের কবিতার সঙ্গে যোগাযোগ প্রায় বিচ্ছিন্ন । যাব যাব করেও মাস ছয় কেটে গেল। জেঠুর সাথে টেলিফোনে কথা হয়। শুনেছিলাম রোদচশমাবাবুর শরীরটা ভাল যায় না, প্রায়শই অসুস্থ থাকেন তবে চশমা রহস্যের কোন কূল কিনারা হয় নি। শেষের কবিতারও কিছু প্রশাসনিক পরিবর্তন হয়েছে, কিছু নতুন অতিথির সমাগম হয়েছে।

রথযাত্রার দিন ছিল, পুণ্য দিন ভেবে মনস্থির করে সস্ত্রীক 'শেষের কবিতায়' চলে গেলাম জেঠু ও সবার সঙ্গে দেখা করতে। বিশেষ করে ঐ মানুষটিই টানছিলেন, দেখা হয় নি কতদিন। এরমধ্যে মানসীর সঙ্গে আমার গাঁটছড়া বাঁধা হয়েছে আর হয়তো সেই সুবাদে চাকরীতেও বড়রকম পদোন্নতি হয়েছে । মানসীর কাছে সব গল্প আগেই করা ছিল, ওর ইচ্ছা ও পেড়াপেড়ীতে সাদা-লালের তাজা গোলাপের স্তবক একটি রোদচশমাবাবুর জন্য নেওয়া হল। মেন গেট দিয়ে ঢুকে কিছুটা এগিয়ে বাঁদিকে ঘুরতেই ছায়াঘেরা পঞ্চবটীর খোলা জায়গাটা আগের মতনই নজরে এলো। এখানেই ওনাকে প্রায় সময়ই দেখতে পেতাম। আরো কয়েক পা এগোতেই আশ্রমবাসীদের দেখা গেল। সবটা স্বাভাবিকই মনে হল কিন্তু চমক লাগলো আরো কাছকাছি যাবার পর। আশ্রমবাসীদের দেখলাম শুকনো মুখ ও অবিন্যস্ত চুলে সাদা পাজামা-পাঞ্জাবি, শাড়ী জামায় গোল হয়ে বসে আর সবার চোখেই কালোচশমা । কি ব্যপার? প্রাথমিক চমক কাটিয়ে চোখ পড়ল জেঠুর উপর। হাতছানি দিয়ে ডাকলেন, পাশে বসলাম। কিন্তু উনি কোথায় ? সবসময় তো ওনাকেই মধ্যমণি থাকতে দেখেছি। আজ দেখছি না কেন? একজনের মাথা ছাড়িয়ে সামনে দৃষ্টি প্রসারিত করতেই দেখতে পেলাম ওনাকে। না, রোদচশমা নয়, আজ ওনার খোলা আয়ত চোখে উজ্জ্বল রৌদ্রের নির্মল হাসি, সুন্দর বুদ্ধিদীপ্ত চোখ, সমুদ্রের গভীরতা যেন চোখদুটিকে ঘিরে, বনস্পতির মায়া জড়ানো চোখের পাতায়। হাসছেন, উনি হেসেই যাচ্ছেন চোখদুটি প্রসারিত করে। তবে সশরীরে নয়, ওনার জীবিত কালের একটি ছবি এনলারজড ফোটো-ফ্রেমে বাঁধানো, টেবিলের মধ্যিখানে রাখা। রজনীগন্ধার মালা পড়ানো, ধূপ ধুনো অগরুর গন্ধ ছড়ানো, ওনার প্রিয় পঞ্চবটীর আলো ছায়া পরিবেশ আর নীরবতা। বুঝতে কিছুই বাকি রইল না। দুঃখে শোকে ব্যথায়

অবনত মস্তকে বসে ভাবছিলাম রোদচশমাবাবুর সর্বাঙ্গীণ ব্যক্তিত্বর কথা, ঝরা পাতার মতো পিছনে ফেলে আসা কিছু স্মৃতিকথা।

সম্বিত ফিরলো বেশ কিছুক্ষণ পর যখন আশ্রমবাসীদর কেউ কেউ ওনাকে স্মরণ করে ও ওনার আত্মার শান্তি কামনা করে দু চার কথা বলতে থাকলেন । এমন একজন গুণী জ্ঞানী প্রাণবন্ত প্রাণোছল বন্ধুবৎসল হিতকারী মানুষের প্রয়াণে সবাই একান্তভাবে শোকাহত, মর্মাহত। নীরবতা পালনই বোধ হয় ওনাকে শ্রদ্ধা জানানোর প্রকৃষ্ট পন্থা বলে সভায় সবাই মোটামুটি চুপচাপই ছিলেন। আরো কিছুক্ষণ পর এক অশীতিপর বৃদ্ধ লাঠি হাতে অতি কষ্টে উঠে দাঁড়িয়ে কিছু বলবার চেষ্টা করলেন। বৃদ্ধের শীর্ণ শরীর, শোকাচ্ছন্ন মন, ক্ষীণ গলার স্বর ।ইনি আশ্রমের বাইরে থেকে আসা লোকজনের মধ্যে একজন। নাম বলে ছিলেন সোমনাথ বাসু, একজন চক্ষুশল্য বিশেষজ্ঞ হিসাবে ভীষণ সুখ্যাত ছিলেন দেশে বিদেশে । হিরণ্ময়বাবুর সঙ্গে কোথায় কিভাবে তাঁর পরিচয় ও সেই পরিচয় কখন প্রগাঢ় বনধুত্বে পরিণত হল সেকথাই উনি আস্তে আস্তে বলতে থাকলেন। একটা চেয়ার টেনে ডক্টর বাসুকে বসতে অনুরোধ করা হল। বয়সে প্রায় বছর ১০-১৫র পার্থক্য ও দুজনার কর্মক্ষেত্র ভিন্ন হয়েও তাঁরা কেন বন্ধু হয়ে রইলেন সেকথাই সোমনাথ বাসু বলতে থাকলেন। আশ্রমবাসী ও অন্যান্যরা চক্ষু রহস্যের উপর কিছু আলোকপাতের আশায় একটু নড়ে চড়ে বসলেন।

